# সূচিপত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায় | ১ ভূমিকা | ০১ |
| | ২ উদ্দেশ্য | ০২ |
| দ্বিতীয় অধ্যায় | ৩ হজ্জ এর কর্মপরিকল্পনা ও হজ্জ প্যাকেজ ঘোষণা | ০২ |
| | ৪ হজ্জ সংক্রান্ত চুক্তি | ০২ |
| | ৫ হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাঃ বাংলাদেশ পর্ব | ০৩ |
| | ৫.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের করণীয় | ০৩ |
| | ৫.২ হজ্জ অফিস, ঢাকা এর করণীয় | ০৪ |
| | ৬. হজ্জ ব্যবস্থাপনাঃ সৌদি আরব পর্ব | ০৫ |
| | ৬.১ বাংলাদেশ কনসুলেট জেদ্দা এবং হজ্জ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দার করণীয় | ০৫ |
| | ৬.২ হজ্জ এজেন্সির বাড়ি পরিদর্শন | ০৫ |
| | ৬.৩ হজ্জ কর্মী নিয়োগ | ০৬ |
| | ৭ বেসরকারি ব্যবস্থাপনা | ০৬ |
| | ৮ বাড়ি ভাড়া | ০৮ |
| | ৮.১ সরকারি ব্যবস্থাপনায় বাড়ি ভাড়া | ০৮ |
| | ৮.২ বেসরকারি ব্যবস্থাপনায় বাড়ি ভাড়া | ০৯ |
| | ৯ সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনায় সহযোগিতা ও তত্ত্বাবধানের উদ্দেশ্যে বিভিন্ন দল প্রেরণ | ০৯ |
| | ৯.১ হজ্জ প্রতিনিধি দল | ১০ |
| | ৯.২ হজ্জ প্রশাসনিক দল | ১০ |
| | ৯.৩ হজ্জ চিকিৎসক দল | ১০ |
| | ৯.৪ হজ্জ গাইড নির্বাচন | ১০ |
| | ৯.৫ রাষ্ট্রীয় খরচে হজ্জ পালন | ১১ |
| | ৯.৬ সহকারী হজ্জ অফিসার নিয়োগ | ১১ |
| তৃতীয় অধ্যায় | ১০ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ভূমিকা | ১১ |
| | ১১ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকা | ১২ |
| | ১২ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ভূমিকা | ১২ |
| | ১৩ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকা | ১৩ |
| | ১৪ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ভূমিকা | ১৩ |
| | ১৫ তথ্য মন্ত্রণালয়ের ভূমিকা | ১৩ |
| | ১৬ বাংলাদেশ ব্যাংকের ভূমিকা | ১৩ |
| | ১৭ জেলা প্রশাসকের ভূমিকা | ১৪ |
| | ১৮ ইসলামিক ফাউন্ডেশন এর ভূমিকা | ১৪ |
| চতুর্থ অধ্যায় | ১৯ আপৎকালীন ফান্ড | ১৪ |
| | ২০ হজ্জযাত্রীদের অব্যয়িত অর্থ ফেরত প্রদান | ১৪ |
| পঞ্চম অধ্যায় | ২১ ওমরাহ এজেন্সি সংক্রান্ত | ১৫ |
| | ২১.১ ওমরাহ এজেন্সি | ১৫ |
| | ২১.২ ওমরা এজেন্সির দায়-দায়িত্বঃ | ১৫ |
| ষষ্ঠ অধ্যায় | ২২ হজ্জ ও ওমরাহ এজেন্সি নিয়োগ, পরিদর্শন ও নবায়ন | ১৬ |
| | ২২.১ নিয়োগের শর্তাবলী | ১৬ |
| | ২২.২ নিয়োগ প্রক্রিয়া | ১৭ |
| | ২৩.৩ পরিদর্শন | ১৭ |
| | ২২.৪ নবায়ন | ১৭ |
| | ২৩ হজ্জ ও ওমরাহ এজেন্সির বিরুদ্ধে অভিযোগ তদন্ত, শাস্তি ও রিভিউ | ১৭ |
| | ২৩.১ তদন্ত/শাস্তির কারণসমূহ | ১৭ |
| | ২৩.২ তদন্ত ও শাস্তি | ১৮ |
| | ২৩.৩ শাস্তির রিভিউ | ১৮ |
| সপ্তম অধ্যায় | ২৪ জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫হিজরী/২০১৪খ্রিঃ এর বাস্তবায়ন, পরিবীক্ষণ, পর্যালোচনা ও সংরক্ষণ | ১৯ |

# জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি

## প্রথম অধ্যায়

| | |
|---|---|
| ১. | **ভূমিকাঃ** |
| ১.১ | ক. আর্থিক ও দৈহিকভাবে সামর্থবান প্রত্যেক মুসলমান এর জন্য অবশ্য পালনীয় পাঁচটি স্তম্ভের মধ্যে পবিত্র হজ্জ পালন একটি অন্যতম স্তম্ভ। বর্তমানে ৫(পাঁচ) বছর মেয়াদী জাতীয় হজ্জনীতি ১৪৩১-১৪৩৫ হিজরী/২০১০-২০১৪খ্রিঃ চলমান যার মেয়াদ শেষ হয়ে আসছে। ওমরাহ ব্যবস্থাপনা সম্পর্কিত জাতীয় কোন নীতি না থাকায় হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাকে সমন্বিত করে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি প্রণয়ন আবশ্যক। রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনায় নতুন নতুন নিয়ম-নীতি, বিধি-বিধান প্রবর্তন করায় এবং বাংলাদেশ হতে পবিত্র হজ্জ ও ওমরাহ পালনের লক্ষ্য হজ্জ ও ওমরাহযাত্রীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাকে আধুনিক, যুগোপযোগি ও তথ্য প্রযুক্তি নির্ভর (I.T) করার লক্ষ্য পরিবর্তিত বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার নিমণরূপভাবে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি প্রণয়ন করল।<br><br>**খ.** ইহা জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫ হিজরী/ ২০১৪খ্রিঃ নামে অভিহিত হবে।<br><br>**গ.** অত্র জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫ হিজরী/ ২০১৪খ্রিঃ এর কোন পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন কিংবা সংযোজন-বিয়োজন পরবর্তিতে মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত উহা বলবৎ থাকবে। |
| ১.২ | বাংলাদেশে সরকারি ব্যবস্থাপনা ও বেসরকারি ব্যবস্থাপনা নামে দু'ধরনের হজ্জ ব্যবস্থাপনা বিদ্যমান। সরকারি ব্যবস্থাপনায় গমনকারী হজ্জযাত্রীদের হজ্জ কার্যক্রম সংক্রান্ত সার্বিক বিষয়াদি প্রত্যক্ষভাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত হয়ে থাকে। সরকার কর্তৃক প্রদত্ত লাইসেন্সধারী হজ্জ এজেন্সিগুলোর মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় অধিকাংশ হজ্জযাত্রী প্রেরিত হলেও তাঁদের যাবতীয় দায়-দায়িত্ব সরকারের উপরই বর্তায়। তাছাড়াও রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক ওমরাহযাত্রীগণ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ওমরাহ এজেন্সির মাধ্যমে সৌদি আরব গমনাগমন করে থাকেন। যার সুষ্ঠু তদারকি সরকারের পক্ষ সম্ভব হচ্ছে না। প্রতি বছর কতজন ওমরাহযাত্রী পবিত্র ওমরাহ পালন করেছেন এবং কতজন ওমরাহযাত্রী যথা সময়ে বাংলাদেশে প্রত্যাবর্তন করেছেন তার সঠিক পরিসংখ্যান সংরক্ষিত হচ্ছে না। সুষ্ঠু ও সুন্দরভাবে হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনা সম্পাদন, বেসরকারী ব্যবস্থাপনায় গমনকারী হজ্জ ও ওমরাহযাত্রীদের সেবারমান উন্নতিকরণ এবং হজ্জ ও ওমরাহ এজেন্সিসমূহের হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্য বিদ্যমান জাতীয় হজ্জনীতির আংশিক সংশোধন ও ওমরাহ লাইসেন্স নিয়োগ সংক্রান্ত পরিপত্র সমন্বয় করে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি প্রণয়ন প্রয়োজন। |
| ১.৩ | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার এ প্রেক্ষাপটে দীর্ঘমেয়াদী জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি সংশোধনের প্রয়োজন হওয়ায় উহা সংশোধনের পূর্বে ওমরাহ ও হজ্জযাত্রীদের জন্য পরিকল্পিত, নির্বিঘ্ন ও সুষ্ঠুভাবে হজ্জ ও ওমরাহ পালন এবং এ কাজে তাঁদের সুযোগ-সুবিধা নিশ্চিতকল্পে হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে সময়ে সময়ে আলোচনা সভার আয়োজন করা হয়। এছাড়াও সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান, গোষ্ঠী ও অভিজ্ঞ ব্যক্তিবর্গের মতামতও গ্রহণ করা হয়। উল্লেখিত পক্ষসমূহের মতামত ও সুপারিশসমূহ সংশোধিত জাতীয় হজ্জ ও ওমরাহ নীতিতে সন্নিবেশিত হয়েছে। |
| ১.৪ | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার দায়িত্ব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপর অর্পিত হলেও আরও কয়েকটি মন্ত্রণালয় এ কার্যক্রমের সাথে ওতপ্রোতভাবে জড়িত। হজ্জ ও ওমরাহ মৌসুমে হজ্জ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সমন্বয় ও পরিবীক্ষণ করে থাকে। জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ যথাসময়ে স্ব স্ব দায়িত্ব পালন করতে সক্ষম হবে। |
| ১.৫ | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার ক্ষেত্রে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি একটি সমন্বিত নির্দেশিকা হিসেবে কাজ করবে। সময়ের চাহিদা পূরণকল্পে হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাকে আধুনিক ও যুগোপযোগী কাঠামোর উপর দাঁড় করানোর লক্ষ্যেই জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি প্রণয়ন করা হয়েছে। বিগত সময়ের দৃশ্যমান ও অদৃশ্যমান ত্রুটিসমূহের পর্যবেক্ষন ও অনুধাবনের আঙ্গিকে অতীতের সীমাবদ্ধতা থেকে উত্তরণের জন্য যথাসম্ভব পরিকল্পিত কার্য পরিক্রমা জাতীয় হজ্জ ও ওমরাহ নীতিতে সন্নিবেশিত করার জন্য যথাসাধ্য প্রয়াস গ্রহণ করা হয়েছে। এর সুবাদে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ পবিত্র হজ্জব্রত পালন এবং ওমরাহ এজেন্সির মাধ্যমে ওমরাহ পালন যেমন সুনিয়ন্ত্রিত পদ্ধতির আওতায় আসবে, তেমনি প্রশাসনিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়বদ্ধতা প্রাতিষ্ঠানিক রূপ পাবে। |
| ২. | **উদ্দেশ্যঃ** |
| ২.১ | প্রতি বছর যথাসময়ে হজ্জ ও ওমরাহ এর কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। |
| ২.২ | নির্ধারিত সময়ে হজ্জযাত্রীদের ঢাকা-জেদ্দা-ঢাকা/ঢাকা-মদিনা-ঢাকা পথের বিমান ভাড়া নির্ধারণ ও হজ্জ প্যাকেজ ঘোষণা। |
| ২.৩ | যথাসময়ে হজ্জের আবেদনপত্র জমা নেয়ার তারিখ নির্ধারণ ও ঘোষণা। |
| ২.৪ | যথাসময়ে হজ্জের কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক রাজকীয় সৌদি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সাথে ত্বরিত যোগাযোগ ও সমন্বিত ব্যবস্থা গ্রহণ। |
| ২.৫ | হজ্জ ও ওমরাহ সম্পাদনের জন্য সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ধারণ ও সমন্বয় সাধন। |
| ২.৬ | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়িত্ব নির্ধারণ। |
| ২.৭ | সামগ্রিক হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাকে প্রাতিষ্ঠানিকীকরণ। |
| ২.৮ | সরকারী ও বেসরকারী উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে যথাসময়ে বাড়ি ভাড়া ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার মাধ্যমে হজ্জযাত্রী প্রতি ব্যয় সংকোচন। |
| ২.৯ | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনা সম্পর্কে জনমনে স্বচ্ছ ধারণা প্রদান, হজ্জযাত্রীদের অধিকার, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতনকরণ। |
| ২.১০ | তথ্য প্রযুক্তির (I.T) সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার আধুনিকীকরণ এবং হজ্জ ও ওমরাহ সংশ্লিষ্ট সকল পক্ষকে অনলাইনে তথ্য আদান প্রদান নিশ্চিতকরণ। |

| দ্বিতীয় অধ্যায় | |
|---|---|
| ৩. | **হজ্জ এর কর্মপরিকল্পনা ও হজ্জ প্যাকেজ ঘোষণাঃ** |
| ৩.১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রতি হিজরী সালের রবিউস সানি মাসের মধ্যে ঐ বছরের হজ্জের কর্মপরিকল্পনা প্রণয়ন ও হজ্জ প্যাকেজ ঘোষণা এবং তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। হজ্জ কর্মপরিকল্পনার মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে। |
| ৩.১.১ | সংশ্লিষ্ট বছরের সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার সম্ভাব্য হজ্জযাত্রীদের সংখ্যা নির্ধারণ। |
| ৩.১.২ | হজ্জের আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ নির্ধারণ। ব্যবস্থাপনার সুবিধার্থে প্রতি হিজরী সালের রজব/সাবান মাসের মধ্যে হজ্জ সম্পাদনের আবেদনপত্র জমার তারিখ নির্ধারিত থাকবে। |
| ৩.১.৩ | হজ্জ বাবদ ব্যয় (বিমান ভাড়া, মোয়াল্লেম ফি, বাড়ি ভাড়া, খাওয়া খরচ, কুরবানী, সার্ভিস চার্জ ইত্যাদি) নির্ধারণ। |
| **৩.২** | **হজ্জে গমনের যোগ্যতা ও অযোগ্যতাঃ** |
| ৩.২.১ | বাংলাদেশী মুসলিম নাগরিক এবং ধর্মীয় বিধান অনুযায়ী আর্থিক ও দৈহিকভাবে সামর্থবান ব্যক্তি হজ্জে গমনের যোগ্য বলে বিবেচিত হবেন। |
| ৩.২.২ | মেডিকেল বোর্ডের মাধ্যমে শারীরিক ও মানসিকভাবে নির্বাচিত/মনোনীত ব্যক্তি হজ্জে যাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। |
| ৩.২.৩ | সৌদি সরকারের বিধান অনুযায়ী যথাযথ বিধি-বিধান অনুসরণকরতঃ বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত আন্তর্জাতিক পাসপোর্ট-এর মাধ্যমে হজ্জে গমণের যোগ্য বলে বিবেচিত হবেন। |
| ৩.২.৪ | কোন মহিলা হজ্জে গমনের ক্ষেত্রে বিধান অনুযায়ী কেবলমাত্র শয়িয়ত সম্মত মাহ্‌রাম-এর সাথে হজ্জে যাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। |
| **৩.২.৫** | বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আরোপিত বিধি-বিধানের আলোকে যারা হজ্জে যাবার যোগ্য বলে বিবেচিত হবেন। |
| ৪. | **হজ্জ সংক্রান্ত চুক্তিঃ** |
| ৪.১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ে রাজকীয় সৌদি আরব সরকারের সাথে দ্বি-পাক্ষিক হজ্জচুক্তি সম্পাদন করবেন। |
| ৪.২ | হজ্জচুক্তি সম্পাদনের প্রাক্কালে নির্ধারিত সময়ে সৌদি আরবে নিয়োগপ্রাপ্ত কাউন্সেলর (হজ্জ)/বাংলাদেশ প্রতিনিধি দল প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সৌদি আরবের অভ্যন্তরীণ বিভিন্ন সংস্থা যেমনঃ হজ্জযাত্রী পরিবহনে দায়িত্বপ্রাপ্ত সংস্থা, মোয়াল্লেমদের সংগঠন (মুয়াস্সাসা ও আদিল্লা অফিস), সরকারি ব্যবস্থাপনায় হাজীদের বাড়িভাড়ার চুক্তিসহ বিভিন্ন চুক্তি সম্পাদন করবেন। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী মক্কা অথবা মদিনায় নিয়োগপ্রাপ্ত হজ্জ অফিসার চুক্তি সম্পাদন করতে পারবেন। |
| ৪.৩ | হজ্জ প্যাকেজ বাস্তবায়ন সম্পর্কিত প্রয়োজনীয় শর্তাদি পালনের জন্য প্রত্যেক হজ্জ এজেন্সিকে হজ্জ প্যাকেজ ঘোষণার পর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে পরিচালক, হজ্জ অফিস, ঢাকার সঙ্গে একটি দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে। |
| ৪.৪ | প্রত্যেক হজ্জ এজেন্সির স্বত্বাধিকারী/ক্ষমতাবান ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/ পরিচালক এবং বেসরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজ্জযাত্রী পরস্পর চুক্তি সম্পাদন করবেন। এ চুক্তির মূলকপি হজ্জযাত্রী এবং অপর দুই কপি যথাক্রমে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সি ও হজ্জ অফিস, ঢাকা সংরক্ষণ করবে। বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রী এবং এজেন্সির মধ্যে চুক্তি সম্পাদনের জন্য নির্ধারিত ছক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/হজ্জ অফিস, ঢাকা থেকে সরবরাহ করা হবে। এছাড়া ওয়েবসাইট (www.hajj.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় চুক্তি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ করবে। |
| ৪.৫ | হজ্জ এজেন্সিসমূহ রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে বাংলাদেশ হজ্জ অফিস, মক্কার সহায়তায় নিজ দায়িত্বে সৌদি আরবে মক্কা ও মদিনায় বাড়ি ভাড়াসংক্রান্ত সৌদি সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান ও প্রথা অনুযায়ী হজ্জযাত্রীদের জন্য বাড়ি/হোটেল মালিকদের সাথে বাড়ি/হোটেল ভাড়ার চুক্তি সম্পাদন করবে। |
| ৫. | **হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনাঃ বাংলাদেশ পর্ব** |
| **৫.১** | **ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের করণীয়ঃ** |
| ৫.১.১ | জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ, হজ্জ ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন। |
| ৫.১.২ | হজ্জ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানসমূহের গৃহীত কার্যক্রমের সমন্বয় সাধন ও পরিবীক্ষণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী এর সভাপতিত্বে নিমণরূপ **'জাতীয় হজ্জ ব্যবস্থাপনা কমিটি'** গঠিত হবে। প্রধান উপদেষ্টা -মাননীয় প্রধানমন্ত্রী, সহ-সভাপতি-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সদস্যবৃন্দ, সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রনালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/অর্থ বিভাগ/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, যুগ্ম-সচিব (হজ্জ), ধবিম, যুগ্মসচিব (প্রশাসন), ধবিম, পরিচালক, হজ্জ অফিস, ঢাকা, হজ্জ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর সভাপতি এবং সদস্য সচিব- উপ-সচিব (হজ্জ), ধবিম। |
| ৫.১.৩ | জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি ও হজ্জ প্যাকেজ ঘোষণা এবং তা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং ওয়েবসাইটে www.hajj.gov.bd, www.mora.gov.bd প্রকাশ। |
| ৫.১.৪ | হজ্জযাত্রীর সংখ্যা নির্ধারণ, সরকারি ও বেসরকারি হজ্জযাত্রীর মোয়াল্লেম ফি ও অন্যান্য ফি সংগ্রহ এবং সৌদি আরবে প্রেরণ। |
| ৫.১.৫ | সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের বাড়ি ভাড়ার অর্থ সৌদি আরবে প্রেরণ। |
| ৫.১.৬ | হজ্জযাত্রী ও হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য বৈদেশিক মূদ্রা সরবরাহের লক্ষ্যে যথাসময়ে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের সাথে সমন্বয় সাধন। |
| ৫.১.৭ | হজ্জের প্রথম ফ্লাইট শুরুর অন্ততঃ ১(এক) সপ্তাহ পূর্বে প্রয়োজনীয় ঔষধ ও চিকিৎসাসামগ্রী সৌদি আরবে প্রেরণ। |
| ৫.১.৮ | হজ্জযাত্রীদের ব্যবহার্য কিটব্যাগ, কজিবেল্ট ও অন্যান্য সামগ্রী সংগ্রহ এবং ঢাকা হজ্জ অফিসে সরবরাহ। |
| ৫.১.৯ | হজ্জ ব্যবস্থাপনার প্রয়োজনে অন্যান্য হজ্জ সামগ্রী সংগ্রহ ও সরবরাহকরণ। |

| | |
|---|---|
| ৫.১.১০ | হজ্জ এজেন্সিসমূহের প্রতিনিধিদের সাথে সমন্বয়। |
| ৫.১.১১ | হজ্জ প্রতিনিধি দল, চিকিৎসক দল ও প্রশাসনিক দল গঠন। |
| ৫.১.১২ | তথ্য-প্রযুক্তি (I.T) প্রয়োগের মাধ্যমে হজ্জযাত্রীদের সেবার ব্যবস্থা গ্রহণ। আইটি প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় হাবসহ অন্যান্য হজ্জ সংশ্লিষ্টদের (Stake Holder) সহযোগিতা গ্রহণ। |
| ৫.১.১৩ | জেলা/উপজেলা পর্যায়ে হজ্জযাত্রীদের হজ্জসংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। |
| ৫.১.১৪ | সৌদি আরবে বাংলাদেশ হজ্জ অফিসে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ব্যবস্থা গ্রহণ। |
| ৫.১.১৫ | সৌদি আরব কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত স্টিকার বাংলাদেশী হজ্জযাত্রীদের সেবায় নিয়োজিত উপযুক্ত ও অনুমোদিত ব্যক্তিদের মধ্যে বিতরণ এবং যাদের মধ্যে বিতরণ করা হবে তাদের জীবন বৃত্তান্ত ও পাসপোর্টের ফটোকপি সংরক্ষণ। |
| ৫.১.১৬ | সৌদি আরবস্থ বাংলাদেশ হজ্জ অফিস এবং ঢাকাস্থ হজ্জ অফিস থেকে প্রাপ্ত প্রতিবেদন মূল্যায়ন ও পর্যালোচনা। |
| ৫.১.১৭ | হজ্জযাত্রীদের সচেতনতা বৃদ্ধি ও করণীয় জানাতে ওয়েবসাইট ও ডিজিটাল ফরমের প্রচলনের উপর বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি নির্ধারিত সময়ে প্রকাশ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারসহ প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। |
| ৫.১.১৮ | ডিজিটাল ফরম প্রবর্তন ও বাস্তবায়নের জন্য সফ্টওয়্যার সংযোজন ও পরিবর্ধন করা ও বিশেষ হেল্প লাইন চালু করা । |
| **৫.২** | **হজ্জ অফিস, ঢাকা এর করণীয়ঃ** |
| ৫.২.১ | হজ্জক্যাম্প তত্ত্বাবধান, হজ্জ মৌসুমে ক্যাম্প প্রস্তুতকরণ এবং ক্যাম্পে অবস্থানরত হজ্জযাত্রীদের সার্বিক তত্ত্বাবধান। |
| ৫.২.২ | সৌদি আরব যাত্রার প্রাক্কালে হজ্জক্যাম্পে হজ্জযাত্রীদের আবাসনের ব্যবস্থা গ্রহণ ও হজ্জক্যাম্পে প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান। |
| ৫.২.৩ | হজ্জ গাইড, নির্দেশিকা, চুক্তিপত্র, আবেদনপত্র, পরিচয়পত্র, কব্জিবেল্ট, কিটব্যাগ এবং অন্যান্য সামগ্রী মন্ত্রণালয় থেকে সংগ্রহ ও বিতরণ। |
| ৫.২.৪ | আন্তর্জাতিক পাসপোর্টসহ আবেদন গ্রহণ। |
| ৫.২.৫ | ভিসা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |
| ৫.২.৬ | হজ্জযাত্রীদের আবেদনপত্র, পুলিশ ছাড়পত্র ও স্বাস্থ্য সনদ সংগ্রহ। |
| ৫.২.৭ | হজ্জযাত্রীদের প্রশিক্ষণ প্রদান ও প্রয়োজনে বেসরকারি এজেন্সির নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণে সহায়তা প্রদান। |
| ৫.২.৮ | হজ্জ সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে সমন্বয় ও হজ্জক্যাম্পে সেবাদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধান। |
| ৫.২.৯ | সরকারি ব্যবস্থাপনায় হাজীদের জন্য ঘোষিত প্যাকেজ অনুযায়ী সৌদি আরবে আবাসন বণ্টন এবং আবাসন বরাদ্দ/বণ্টন ওয়েবসাইটে প্রকাশ। |
| ৫.২.১০ | তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে হজ্জসংক্রান্ত তথ্য সংরক্ষণ, সরবরাহ এবং ওয়েবসাইট হালনাগাদের ব্যবস্থা গ্রহণ। আবেদন পত্র, চুক্তিপত্র, ডিজিটাল ফরম, গাইড বই, নির্দেশিকা, নির্বাচিত হজ্জযাত্রীদের তালিকা, তাঁদের ব্যক্তিগত তথ্য, জাতীয় হজ্জনীতি, হজ্জ প্যাকেজ ও বিমান সিডিউল সংগ্রহ; এ ছাড়াও হজ্জ এজেন্সির নিকট থেকে প্রাপ্ত হজ্জ বিষয়ক সফট্ কপিসহ হজ্জসংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ। ওয়েবসাইটে হজ্জকালীন নিয়মিত বুলেটিন প্রকাশ ও আপডেট-এর ব্যবস্থা গ্রহণ। হজ্জ ব্যবস্থাপনা সংক্রান্ত ওয়েবসাইট /ইন্টারনেটে প্রাপ্ত বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান। |
| ৫.২.১১ | হজ্জযাত্রীদের টিকা প্রদানসহ হজ্জক্যাম্পে চিকিৎসার জন্য স্বাস্থ্য সেবা কেন্দ্র (Health Centre) স্থাপন। সৌদি আরবে হজ্জযাত্রীদের করণীয়, বিমান ভ্রমণ সম্পর্কে আরোহনকালীন হজ্জযাত্রীদের কর্তব্য, বিমানের টার্মিনালে আগমন-বহির্গমনকালীন ধৈর্য্য-সহিষ্ণুতা সম্পর্কিত সুস্পষ্ট ধারনা প্রদানের জন্য হজ্জক্যাম্পে সিটিজেন চার্টার স্থাপন, প্রয়োজনে প্রজেক্টরের মাধ্যমে হজ্জযাত্রীদের অবহিত করণের ব্যবস্থা গ্রহণ। |
| ৫.২.১২ | সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল নির্ধারণ, টিকেট সংগ্রহ ও বিতরণ এবং এতদসংক্রান্ত কাজের সমন্বয়। |
| ৫.২.১৩ | হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীদের মধ্যে উদ্ভূত সমস্যা নিরসনে পদক্ষেপ গ্রহণ। |
| ৫.২.১৪ | সরকারিভাবে গমনেচ্ছু হজ্জযাত্রীদের আবেদনপত্র জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার ও জেলাস্থ ইসলামিক ফাউন্ডেশনে প্রেরণ এবং ডিজিটাল ফরম-এর প্রিন্ট কপি স্বাক্ষর করার পর যথাসময়ে গ্রহণ ও পরবর্তী কার্যক্রম গ্রহণ। |
| ৫.২.১৫ | বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ডিজিটাল ফরমে আবেদনপত্র এজেন্সিসমূহের নিকট প্রেরণ এবং হজ্জ এজেন্সির নিকট হতে নির্ধারিত সময়ে গ্রহণ। |
| ৫.২.১৬ | হজ্জ অফিসে হজ্জযাত্রীদের সেবার নিমিত্ত রোভার স্কাউটসহ স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যদের নিয়োজিত করণ। |
| ৫.২.১৭ | হজ্জযাত্রীদের কাস্টমস, ইমিগ্রেশন, চেক-ইন, বিমান বন্দরে হজ্জযাত্রীদের পৌঁছানো ইত্যাদি কার্যক্রম হজ্জ অফিস হতে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের সাথে সমন্বয় করণ। |
| ৫.২.১৮ | ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট থেকে হজ্জযাত্রীদের গমন ও প্রত্যাগমনের নিশ্চিত সংখ্যা অবহিত হয়ে উক্ত তথ্য সৌদি আরবস্থ হজ্জ অফিসে প্রেরণ। |
| ৫.২.১৯ | হজ্জ ব্যবস্থাপনার নিমিত্ত সরকার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন। |
| ৫.২.২০ | সরকারি ব্যবস্থাপনায় প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য নিয়োজিত একজন গাইডের ভিসা/টিকেট এবং আবাসন বরাদ্দের ব্যবস্থা গ্রহণ। স্ব স্ব দলের সাথে গাইডের অবস্থান নিশ্চিতকরণ। |
| ৫.২.২১ | মক্কা/মদিনা থেকে নিয়োগকৃত হজ্জকর্মীদের নাম/ঠিকানা ও দায়িত্ব বণ্টন আদেশ সংগ্রহ করে তা আই.টি ফার্মের মাধ্যমে সংশ্লিষ্ট হজ্জ গাইডদের প্রদান। হজ্জ গাইডদের দায়িত্ব বণ্টন আদেশ মক্কা/মদিনা মিশনে জানানো যাতে হজ্জকর্মীগণের সাথে গাইডদের কাজের সমন্বয় থাকে। |
| ৬. | **হজ্জ ব্যবস্থাপনাঃ সৌদি আরব পর্বঃ** |
| ৬.১ | **বাংলাদেশ কনসুলেট জেদ্দা এবং হজ্জ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দার করণীয়ঃ**<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী সৌদি আরবস্থ বাংলাদেশের মান্যবার রাষ্ট্রদূত/ জেদ্দাস্থ কনসাল জেনারেলের সাথে পরামর্শক্রমে সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনার যাবতীয় দায়িত্ব বাংলাদেশ হজ্জ অফিস, মক্কার কাউন্সেলর (হজ্জ) সম্পন্ন করবেন। কাউন্সেলর (হজ্জ)-এর অধিক্ষেত্র ও দায়িত্ব নিম্নরূপ হবে। |

| | |
|---|---|
| ৬.১.১ | জেদ্দাস্থ কিং আবদুল আজিজ বিমান বন্দরে হজ্জযাত্রীদের অভ্যর্থনার ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.২ | মক্কা-মিনা-আরাফাত-মুজদালেফা-মদিনায় সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের বিধি মোতাবেক প্রাপ্য সুবিধার ভিত্তিতে অবস্থান ও যাতায়াতের ব্যবস্থা গ্রহণ এবং বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্যাকেজ মোতাবেক হজ্জযাত্রীদের প্রাপ্য সুবিধাদির বিষয়ে তদারকি করা। |
| ৬.১.৩ | হজ্জ প্রতিনিধি দল, হজ্জ ব্যবস্থাপনায় সহায়তার জন্য গমনকারী প্রশাসনিক দল, চিকিৎসা সেবার জন্য গমনকারী চিকিৎসক দলের অভ্যর্থনা, যাতায়াত ও আবাসনের ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.৪ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে বাড়ি ভাড়াসংক্রান্ত কমিটির মাধ্যমে হজ্জ মৌসুমে মক্কা ও মদিনা হজ্জ **অফিসে** এবং মিনা ও আরাফাতে প্রশাসনিক তাঁবুতে অবস্থানকারী ও প্রশাসনিক সুবিধা গ্রহণকারী ব্যক্তিবর্গের তালিকা প্রণয়ন ও চূড়ান্তকরণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.৫ | হজ্জ চিকিৎসক ও প্রশাসনিক দলের সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধান এবং প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা ও তথ্য কেন্দ্র স্থাপন। |
| ৬.১.৬ | সৌদি আরবে হজ্জযাত্রীদের চিকিৎসাসহ সার্বিক সেবা ও নিরাপত্তা প্রদান নিশ্চিতকরণ। |
| ৬.১.৭ | সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের নিরাপদ অবস্থান ও চলাচল এবং সকল হজ্জযাত্রীর নিরাপদ প্রত্যাবর্তন তদারকীকরণ। |
| ৬.১.৮ | হজ্জ প্রতিনিধিদল ও হজ্জ প্রশাসনিক দলের প্রধানের সাথে আলোচনা করে প্রয়োজনের নিরিখে জেদ্দা, মক্কা ও মদিনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বণ্টনকৃত বিভিন্ন দলের সদস্যদের দায়িত্ব পুনঃবণ্টন নিশ্চিতকরণ। |
| ৬.১.৯ | হজ্জ এজেন্সিসমূহের বাড়ি ভাড়া করার সময় প্রয়োজনীয় সহায়তা প্রদান। |
| ৬.১.১০ | মৃত্যুবরণকারী হজ্জযাত্রী/হাজীর সকল মালামাল প্রেরণ, মৃত্যুসনদ গ্রহণ ও প্রেরণসহ আনুষঙ্গিক দায়িত্ব পালন। |
| ৬.১.১১ | হজ্জ শেষে সামগ্রিক হজ্জ ব্যবস্থাপনাসহ প্রশাসনিক দল ও চিকিৎসক দলের কার্যক্রম সম্পর্কে মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন প্রেরণ। |
| ৬.১.১২ | মোয়াল্লেমগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে হজ্জযাত্রীদের হালনাগাদ তথ্য প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ এবং ডাটাবেইজ আপডেটের ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.১৩ | অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় তদমেন্তর ব্যবস্থা গ্রহণ। প্রযোজ্য ক্ষেত্রে তাৎক্ষণিক নিরসনের ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.১৪ | হজ্জযাত্রী/হাজীদের আপদকালীন জরুরি প্রয়োজন মেটানোর ব্যবস্থা গ্রহণ। |
| ৬.১.১৫ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজ্জ চিকিৎসক দলের জন্য জারিকৃত অফিস আদেশ মোতাবেক তাঁদের সৌদি আরব অবস্থানকালীন সময় কাউন্সেলর (হজ্জ) প্রয়োজনের নিরিখে মন্ত্রণালয় হতে প্রেরিত প্রশাসনিক দলের দলনেতার সাথে পরামর্শক্রমে দায়িত্ব পুনঃবণ্টন নিশ্চিত করণ। |
| ৬.১.১৬ | হজ্জ এজেন্সি, হজ্জযাত্রী/হাজী এবং এতদসংক্রান্ত সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সাথে সমন্বয় পূর্বক উদ্ভূত সমস্যা নিরসনে পদক্ষেপ গ্রহণ। |
| ৬.১.১৭ | সরকারি-বেসরকারি নির্বিশেষে সকল বাংলাদেশী হজ্জযাত্রী যাতে মিনা-আরাফা-মুজদালিফা-আল মাশায়ারে একটি গুচ্ছে (Cluster) অবস্থান করতে পারেন সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ। যথাসময়ে মোয়াল্লেমের একটি তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ যাতে উক্ত তালিকা অনুযায়ী হজ্জ এজেন্সিসমূহ মোয়াল্লেম নির্বাচন করতে পারে। হজ্জযাত্রীসংখ্যা অনুপাতে মোয়াল্লেমের সংখ্যা ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্ধারণ করবে। |
| ৬.১.১৮ | হজ্জ ব্যবস্থাপনার জন্য সম্পূর্ণ প্রশাসনিক ও আর্থিকভাবে ক্ষমতাবান হিসেবে যথাযথভাবে দায়িত্ব পালন। হজ্জ ব্যবস্থাপনাসংক্রান্ত যাবতীয় সরঞ্জাম, যানবাহন, স্থাপনা, জনবলের সংরক্ষক (Custodian) হিসেবে দায়িত্ব পালন। |
| ৬.১.১৯ | সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে প্রয়োজনীয় অন্যান্য দায়িত্ব পালন। |
| ৬.১.২০ | সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত এতদসংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন। |
| ৬.২ | **হজ্জ এজেন্সির বাড়ি পরিদর্শনঃ** |
| ৬.২.১ | হজ্জ এজেন্সি কর্তৃক যথাসময়ে এবং যথাযথ মানসম্পন্ন বাড়ি ভাড়া নিশ্চিত করার লক্ষ্যে হজ্জ অফিস, মক্কা ও মদিনা বেসরকারি ব্যবস্থাপনায় ভাড়াকৃত বাড়ি পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। প্রযোজ্য ক্ষেত্রে দৈবচয়ন (Random Sampling) এর ভিত্তিতে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। বাড়ি পরিদর্শনে হাব প্রয়োজনীয় সহায়তা দেবে। |
| ৬.২.২ | বেসারকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে মক্কা ও মদিনায় বাংলাদেশ সরকার ও হজ্জ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ী/হোটেল ভাড়া নিশ্চিতকরণে হজ্জ এজেন্সিসমূহকে সহায়তা প্রদান। |
| ৬.৩ | **হজ্জকর্মী নিয়োগঃ** |
| ৬.৩.১ | সৌদি আরবে  সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক হজ্জকর্মী নিয়োগ করা হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশে বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা মৌসুমী হজ্জকর্মী নিয়োগ করবে। বিশেষ প্রয়োজনে উপযুক্ত সময় হজ্জ প্রস্তুতিমূলক এবং সমাপনী কাজের জন্য কনসুলেট-এর সহায়তা নেবে। হজ্জকর্মীদের মধ্যে সাধারণ হজ্জকর্মী ছাড়াও অনুবাদক/কম্পিউটার অপারেটর, ড্রাইভার ও ক্লিনার অন্তর্ভুক্ত থাকবে। হজ্জকর্মী নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীর আরবী ভাষায় দক্ষতা, চরিত্র, পূর্ব অভিজ্ঞতা এবং মক্কা, মিনা, আরাফাত, মুজদালেফা, মদিনা ও জেদ্দার রাস্তা ঘাটের সাথে পরিচয় ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে। প্রতি বছর ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রস্তুতিমূলক, মৌসুমী ও সমাপনীমূলক হজ্জকর্মীদের সংখ্যা, মেয়াদ, পারিশ্রমিক ইত্যাদিসংক্রান্ত নির্দেশনা জারী করবে। নিয়োজিত হজ্জকর্মীদের স্থানীয়ভাবে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে রাজকীয় সৌদি সরকারের নিয়মনীতি অনুসরণ করতে হবে এবং সার্বিক পরিস্থিতি মূল্যায়ন করে বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করবে। |
| ৬.৩.২ | সংশ্লিষ্ট হজ্জ এজেন্সি বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের সেবা প্রদানের লক্ষ্যে প্রতি ১০০ জন হজ্জযাত্রী বা তার অংশবিশেষের বিপরীতে বাংলাদেশ অথবা সৌদি আরব হতে ০১ জন হজ্জকর্মী নিয়োগ ও তাদের পারিশ্রমিক প্রদান করবে। হজ্জ অফিস প্রয়োজনে এক্ষেত্রে সহযোগিতা প্রদান করবে। হজ্জযাত্রী সৌদি আরব আসার পূর্বেই হজ্জ এজেন্সি নিয়োগপ্রাপ্ত হজ্জকর্মীর পূর্ণ পরিচিতি ও ফোন নম্বরসহ যোগাযোগের ঠিকানা লিখিতভাবে ঢাকাস্থ হজ্জ অফিস ও সৌদি আরবস্থ হজ্জ অফিসগুলোকে জানাবে। |

| | |
|---|---|
| ৬.৩.৩ | বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে সার্বক্ষণিক সমন্বয় রক্ষা করবে এবং করণীয় বিষয়ে সরাসরি যোগাযোগ করতঃ পরামর্শ/নির্দেশনা গ্রহণ করবে। |
| ৬.৩.৪ | জেদ্দা হজ্জ টার্মিনালে আরবী জানা অপেক্ষাকৃত শিক্ষিত হজ্জকর্মী নিয়োগ করতে হবে। |
| **৭.** | **বেসরকারি ব্যবস্থাপনাঃ** |
| ৭.১ | বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর হজ্জ প্যাকেজ ঘোষনার পর পরই হজ্জ এজেন্সিসমূহ পৃথক পৃথকভাবে নিজ নিজ হজ্জ প্যাকেজ ঘোষণা করবে। হজ্জপ্যাকেজ, হজ্জযাত্রীর তালিকা ও তাঁদের ব্যক্তিগত তথ্যাদি, হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল, সরকার ও হজ্জ এজেন্সি এবং হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির/আবাসনের ঠিকানা, বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফ্টকপি হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে। হজ্জ প্যাকেজে উল্লেখিত সেবা, সেবা মূল্য, সুবিধা ইত্যাদি সম্পর্কিত বিসত্মারিত তথ্য সম্বলিত প্রচারপত্র /লিফলেট প্রকাশ করবে। পাশাপাশি এর একটি কপি স্বাক্ষরসহ মন্ত্রণালয়ে দাখিল করবে। হজ্জ এজেন্সিসমূহ সর্বোচ্চ দু'টি প্যাকেজ ঘোষণা করতে পারবে। তবে হজ্জ প্যাকেজের সর্বনিম্ন খরচ কোন অবস্থাতেই সরকার কর্তৃক ঘোষিত সর্বনিমণ প্যাকেজ মূল্যের কম হবে না। হজ্জযাত্রী যে এজেন্সির মাধ্যমে হজ্জে যাবেন সে এজেন্সির স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/ ব্যবস্থাপনা অংশীদার/ ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/ পরিচালক নিজ স্বাক্ষরে রসিদমূলে হজ্জযাত্রীর নিকট হতে অর্থ গ্রহণ করবেন অথবা প্যাকেজ অনুযায়ী প্রদেয় অর্থ সংশ্লিষ্ট হজ্জযাত্রী হজ্জ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করবেন। প্রত্যেক হজ্জ এজেন্সিকে ঐ এজেন্সির মাধ্যমে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রীদের সংখ্যানুযায়ী সরকার কর্তৃক ঘোষিত সর্বনিমণ প্যাকেজ মূল্যের সমুদয় অর্থ হজ্জ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে জমাদান নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রীদের টাকা জমাদান সংক্রান্ত ব্যাংক সনদ/স্থিতির হিসাব ও হজ্জযাত্রীদের তালিকা হজ্জ অফিস, ঢাকায় জমাদান নিশ্চিত করতে হবে। বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের সম্পূর্ণ দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এজেন্সির উপর বর্তাবে। রাজকীয় সৌদি সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক প্রত্যেক হজ্জ এজেন্সি সর্বনিম্ন ৫০ জন হজ্জযাত্রী সৌদি আরবে প্রেরণ করতে পারবে এবং বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ ৩০০ জন হজ্জযাত্রীকে হজ্জ এজেন্সির কর্তৃক হজ্জে পাঠাতে পারবে। এক্ষেত্রে সর্বোচ্চ ও সর্বনিমণ হজ্জযাত্রীদের সংখ্যা রাজকীয় সৌদি সরকার এবং বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক সময়ে সময়ে পরিবর্তনযোগ্য হতে পারে। কোন অবস্থাতেই এক এজেন্সির হজ্জযাত্রী অন্য কোন এজেন্সির পরিচয়ে বা তত্বাবধানে হজ্জে যেতে পারবেন না। তাছাড়াও এ সংক্রান্ত রাজকীয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান অনুসরণ করতে হবে। |
| ৭.২ | হজ্জ এজেন্সি ঘোষিত হজ্জ প্যাকেজ অনুযায়ী যাবতীয় আনুষ্ঠানিকতা ও দায়িত্ব পালন করবে। |
| ৭.৩ | (ক) হজ্জ এজেন্সি বেসরকারি হজ্জযাত্রীর ডিজিটাল ফরম-এর কপি হজ্জ অফিস, ঢাকায় জমা করবে। |
| | (খ) হজ্জ এজেন্সি ও বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর সাথে সম্পাদিতব্য চুক্তিপত্রের নমুনা ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করবে। |
| ৭.৪ | প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জযাত্রীদের পূর্ণ নাম ও ঠিকানা সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত ব্যাংকে মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত ব্যাংক গ্যারান্টি, আপদকালীণ ফান্ড, সার্ভিস চার্জ ইত্যাদিসহ অন্যান্য ফি এর অর্থ জমা প্রদান করবে। সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রী কর্তৃক জমাকৃত মোয়াল্লেম ফি সৌদি আরবে প্রেরণের পরে কোন অবস্থাতেই ফেরৎ যোগ্য হবে না। কোনক্রমেই মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রীদের নামের মূল তালিকায় বহির্ভুত কোন ব্যক্তিকে প্রতিস্থাপন (Replacement) করা যাবে না। |
| ৭.৫ | হজ্জ এজেন্সিসমূহ বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রীদের পূরণকৃত আবেদনপত্র ও চুক্তিপত্র সংগ্রহ করবে। ব্যাংক গ্যারান্টি, আপদকালীণ ফান্ড, সার্ভিস চার্জ ইত্যাদিসহ অন্যান্য ফি এর অর্থ জমাদানের রসিদ এবং হজ্জযাত্রীর পূর্ণ নাম ঠিকানা সম্বলিত তালিকা ও সকল চুক্তিপত্রের কপি হজ্জ অফিস, ঢাকায় জমা দিবে। হজ্জযাত্রীদের তালিকার একটি কপি সংশ্লিষ্ট এয়ারলাইন্স বরাবর দাখিল করবে। |
| ৭.৬ | হজ্জএজেন্সি সৌদি সরকারের নিয়ম অনুযায়ী মোয়াল্লেম-এর মাধ্যমে হজ্জযাত্রীদের মক্কা, মদিনা, মিনা ও আরাফায় আবাসন ও যাতায়াতের ব্যবস্থা করবে। বাংলাদেশ ত্যাগ ও প্রত্যাবর্তন পর্যন্ত হজ্জযাত্রী/হাজীদের সাথে এজেন্সির পক্ষে প্রয়োজনীয় সংখ্যক প্রতিনিধি নিয়োগের ব্যবস্থা করবে। অনিবার্য কারণে কোন হজ্জ এজেন্সির সকল হজ্জযাত্রী সৌদি আরব ত্যাগের পূর্বে উক্ত এজেন্সির মালিক/প্রতিনিধির সৌদি আরব ত্যাগের প্রয়োজন দেখা দিলে সৌদি আরবস্থ হজ্জ অফিসের জ্ঞাতসারে ও সম্মতিক্রমে তা করবে। |
| ৭.৭ | মক্কা ও মদিনায় নির্বিঘ্নে গমনাগমন এবং প্রদেয় অন্যান্য সেবা প্রদান নিশ্চিত করার স্বার্থে মুয়াস্সাসা এবং আদিল্লা (মক্তব বাংলাদেশ) কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগের জন্য সংশ্লিষ্ট এজেন্সি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৭.৮ | হজ্জ এজেন্সিসমূহ হজ্জযাত্রীদের হজ্জের আহকাম-আরকান, সৌদি আইন-কানুন, ভ্রমণের নিয়ম-কানুন, নাগরিক জ্ঞান (Civic Sense), ব্যাগেজ রুল ইত্যাদি বিষয়ে নিজ নিজ উদ্যোগ বা ঢাকা হজ্জ অফিসের সহযোগিতায় প্রশিক্ষণের ব্যবস্থা করবে। |
| ৭.৯ | হজ্জ মৌসুমে সৌদি আরবে হজ্জ এজেন্সির নিয়োগপ্রাপ্ত প্রতিনিধিকে যাতে সহজে চেনা যায় সে বিষয়ে হজ্জ এজেন্সিসমূহ সরকার নির্ধারিত বিশেষ ধরণের ইউনিফর্ম/ পোশাক/চিহ্ন পরিধান/ ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে হজ্জযাত্রীদের ক্ষেত্রেও এ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |
| ৭.১০ | এজেন্সির বাড়ি ভাড়ার চুক্তির মেয়াদ এবং তার আওতাধীন হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল-এর তারিখ পরস্পর সঙ্গতিপূর্ণভাবে নির্ধারণের বিষয়ে হজ্জ এজেন্সিসমূহ এয়ারলাইন্স-এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৭.১১ | সরকারের নির্দেশনা মোতাবেক প্রত্যেক হজ্জ এজেন্সি নির্ধারিত মোয়াল্লেম-এর সাথে চুক্তি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৭.১২ | প্রতি হজ্জ মৌসুমে প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জ প্রস্তুতি সম্পন্ন করার পর একটি প্রস্তুতি প্রতিবেদন এবং হজ্জ শেষে হজ্জযাত্রীগমন ও প্রত্যাগমনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের উপর একটি সমাপনী প্রতিবেদন ঢাকা হজ্জ অফিসে ও জেদ্দা হজ্জ অফিসে দাখিল করবে। |
| ৭.১৩ | সরকারি হজ্জযাত্রীদের ন্যায় বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ সৌদি আরব যাত্রার প্রাক্কালে ঢাকাস্থ হজ্জ ক্যাম্পে অবস্থান করতে পারবেন। |

| | |
|---|---|
| ৭.১৪ | হজ্জ এজেন্সিসমূহ হজ্জযাত্রী প্রেরণ ও প্রত্যাবর্তনের নিমিত্ত ফ্লাইট সিডিউল প্রণয়ন, আসন সংরক্ষণ ইত্যাদি বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করবে। |
| ৭.১৫ | হজ্জ এজেন্সিসমূহ হজ্জযাত্রীদের জেদ্দা/ মদিনা বিমান বন্দর হতে গ্রহণপূর্বক মক্কা/ মদিনায় হাজীদের/ হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়িতে পৌঁছানো নিশ্চিত করবে। কোনভাবেই কষ্টকর ফিতরা পদ্ধতিতে হজ্জযাত্রীদেরকে মক্কা/মদিনায় একাধিক বাড়িতে রাখা যাবে না। মক্কা/মদিনায় হজ্জযাত্রীদের জন্য তাসরিয়াযুক্ত একই বাড়িতে আবাসনের ব্যবস্থা করতে হবে । |
| ৭.১৬ | হজ্জ এজেন্সিসমূহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/হজ্জ অফিস কর্তৃক নির্দেশিত/চাহিত যে কোন নির্দেশনা প্রতিপালন, তথ্য সরবরাহ এবং সহযোগিতা প্রদান করবে। |
| ৭.১৭ | হজ্জ এজেন্সিসমূহ বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকার কর্তৃক হজ্জ ব্যবস্থাপনা সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা প্রতিপালন করবে। |
| ৭.১৮ | হজ্জ এজেন্সিকে উক্ত এজেন্সির ব্যবস্থাপনায় কতজন হজ্জযাত্রী কোন তারিখে কোন এয়ারলাইন্স-এর কত নং ফ্লাইটে হজ্জে যাবেন এবং হজ্জ শেষে প্রত্যাবর্তন করবেন তার তথ্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ অফিস, ঢাকা ও বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দা সৌদি আরবকে ফ্লাইট শুরুর অন্ততঃ ২৪(চবিবশ) ঘন্টা পূর্বে এজেন্সির প্যাডে লিখিতভাবে জানাতে হবে। ‘হাব’ বিষয়টি নিশ্চিত করবে। |
| ৭.১৯ | ভিসাযুক্ত পাসপোর্ট ও বিমানের টিকিট ছাড়া গ্রুপ লিডারদের মাধ্যমে কোন হজ্জযাত্রীকে হজ্জ অফিসে আনা যাবে না। এজেন্সির প্যাডে হজ্জযাত্রীদের তালিকা, পাসপোর্ট ও বিমানের টিকিটসহ এজেন্সির মালিক /ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি হজ্জযাত্রীদের হজ্জ অফিসে নিয়ে আসবেন। |
| ৭.২০ | বিমানের টিকেট/হজ্জযাত্রীদের ফ্লাইট নিশ্চয়তার বিষয়টি এজেন্সির প্যাডে প্রত্যয়ন ব্যতিরেকে হজ্জযাত্রীদের পাসপোর্টে ভিসা লাগানোর জন্য সৌদি দূতাবাসে প্রেরণ করা হবে না। প্রত্যয়নপত্রে এয়ারলাইন্সের নাম, ফ্লাইট নম্বর, ফ্লাইটের তারিখ ইত্যাদি তথ্য সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং একইভাবে ওয়েব সাইটে আপডেট করতে হবে । |
| ৭.২১ | হজ্জ ব্যবস্থাপনায় গ্রুপলিডার/কাফেলা স্বীকৃত নয়। অতএব কথিত গ্রুপলিডার/কাফেলা লিডারের সঙ্গে এজেন্সির কোন প্রকার লেনদেনের দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে হজ্জ এজেন্সিকে বহন করতে হবে। হজ্জ এজেন্সির এবং গ্রুপলিডার/ কাফেলা লিডারের সঙ্গে লেনদেনসংক্রান্ত কারণে কোন হজ্জযাত্রী প্রতারিত হলে, হজ্জে যেতে না পারলে তার সম্পূর্ণ দায় সংশ্লিষ্ট হজ্জ এজেন্সির উপর বর্তাবে এবং এ জন্য হজ্জ এজেন্সিকে জাতীয় হজ্জ ও ওমরাহনীতিতে উল্লেখিত সর্বোচ্চ শাস্তি প্রদান করা হবে। |
| ৭.২২ | মৃত্যু ও গুরুতর অসুস্থতা/দুর্ঘটনা জনিতকারণে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের লক্ষ্য সৌদি আরব গমনে ব্যর্থ হলে কেবলমাত্র অব্যয়িত অর্থ (বিমান ভাড়া, খাওয়া খরচ, ইত্যাদি) ফেরৎ পাবেন। |
| ৭.২৩ | অনুর্ধ ৪৫ বছর বয়স্ক হজ্জগমনেচ্ছু ব্যক্তিদের ক্ষেত্রে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তার সন্দেহের উদ্রেগ হলে তার ক্ষেত্রে আর্থিক স্বচ্ছলতার প্রমানস্বরূপ উপযুক্ত প্রমানক হজ্জ অফিস, ঢাকায় দাখিল করতে হবে। |
| ৭.২৪ | প্রত্যেক হজ্জ এজেন্সি হজ্জযাত্রীদের প্রশিক্ষণ নিশ্চিত করবে এবং প্রশিক্ষণসূচি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ্জ অফিস, ঢাকায় জমা দিবে। প্রশিক্ষণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ অফিস, ঢাকা কিংবা ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত এক বা একাধিক কর্মকর্তা উপস্থিত থাকবেন। এ বিষয়ে হজ্জ অফিস, ঢাকা সার্বিক সহযোগিতা প্রদান করবে । |
| ৭.২৫ | প্রত্যেক হজ্জ এজেন্সিকে হজ্জ প্যাকেজ ঘোষণা করতে হবে। ঘোষিত প্যাকেজ এজেন্সির নিজস্ব প্যাডে অগ্রগামী পত্রের মাধ্যমে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও হজ্জ অফিস ঢাকাতে প্রেরণ করতে হবে। প্যাকেজে ঘোষিত বিষয়াদি অর্থাৎ হজ্জযাত্রীকে প্রদেয় সার্ভিসসমূহ চুক্তিপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। ঘোষিত প্যাকেজ ও চুক্তিপত্রের মধ্যে গরমিল পরিলক্ষিত হলে এজেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে। |
| ৭.২৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ অফিস, ঢাকা, মক্কা, মদিনা ও জেদ্দা কর্তৃক সময়ে সময়ে এজেন্সির নিকট চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। ‘হাব’ এ বিষয়টি নিশ্চিত করবে। |
| ৭.২৭ | মন্ত্রণালয় ও হজ্জ অফিসের MIS Report নেয়ার স্বার্থে হজ্জ এজেন্সি আই.টি কর্তৃক সরবরাহকৃত Password-এর মাধ্যমে চাহিত হজ্জযাত্রীর যাবতীয় তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে (www.hajj.gov.bd) সরবরাহ করবে এবং তাদের তথ্য online-এ সরাসরি Update করার জন্য আইটি ফার্মকে সর্বাত্মক সহযোগিতা করবে। |
| ৭.২৮ | প্রত্যেক হজ্জ এজেন্সির নিয়োগকৃত হজ্জ কর্মী/প্রতিনিধি তাঁদের জন্য মক্কা/মদিনায় ভাড়াকৃত বাড়িতে অবস্থান করবেন। |
| ৮. | **বাড়ি ভাড়াঃ**<br>হজ্জ ব্যবস্থাপনা কার্যক্রমে সৌদি আরবে হজ্জযাত্রীদের আবাসনের ব্যবস্থা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে বাড়ি বলতে সৌদি সরকার কর্তৃক অনুমোদন প্রাপ্ত (তাসরিয়াহ/ তাসনিফ প্রদত্ত) আবাসিক বাড়ি/হোটেল/বোর্ডিং/মুসাফিরখানা ইত্যাদি বুঝাবে। |
| ৮.১ | **সরকারি ব্যবস্থাপনায় বাড়ি ভাড়াঃ**<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত বাড়ীভাড়া কমিটি হজ্জযাত্রীদের আবাসন সংক্রান্ত সৌদি আরবের সংশ্লিষ্ট বিধি-বিধান, প্রথা, আইন-কানুন অনুসরণ করে সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য বাড়ি ভাড়া করবে। সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতি বছর বাড়ি ভাড়ার কার্যক্রম সম্পন্ন করতে হবে। সরকারি ব্যবস্থাপনায় এক বা একাধিক হজ্জ প্যাকেজ ঘোষণা করা হবে। সাধারণভাবে প্রত্যেক বাড়িতে সর্বোচ্চ ৪/৫ অথবা ৫/৬ জনের জন্য একটি টয়লেট, গোসল ও ওযুর জন্য পর্যাপ্ত পানির ব্যবস্থা, কক্ষসমূহে এসি, সার্বক্ষণিক টেলিফোন, ফ্রিজ ও অগ্নিনির্বাপক যন্ত্র ইত্যাদির ব্যবস্থা থাকবে। বাড়ি ভাড়ার ক্ষেত্রে তাসরিয়াযুক্ত যথাসম্ভব বৃহৎ আকারের বাড়ি এবং মদিনায় সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ বৃহৎ কোম্পানীর সাথে চুক্তিবদ্ধ হওয়ার বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮.২ | **বেসরকারি ব্যবস্থাপনায় বাড়ি ভাড়াঃ** |
| ৮.২.১ | রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য হজ্জ এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ ক্ষমতাপ্রাপ্ত অংশীদার/পরিচালক/ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত প্রতিনিধি সৌদি |

| | |
|---|---|
| | আরবের সংশ্লিষ্ট বিধি-বিধান, প্রথা, আইন-কানুন অনুসরণপূর্বক মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রী সংখ্যা অনুযায়ী বাংলাদেশ সরকার ও হাব কর্তৃক মক্কা ও মদিনায় নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছ ভিত্তিক বাড়ী ভাড়া কার্যক্রম সম্পন্ন করবে। ভাড়াকৃত বাড়ির প্রদেয় সুবিধা ও মান সরকারি ব্যবস্থাপনায় ভাড়াকৃত বাড়ির মান ও প্রদেয় সুবিধার চেয়ে নিম্নতর হবে না। |
| ৮.২.২ | সৌদি সরকারের নির্দেশনা মোতবেক হজ্জযাত্রী সংখ্যানুযায়ী ১% অতিরিক্ত বাড়ী ভাড়ার অর্থ সরকার নির্ধারিত ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে। জমাকৃত উক্ত অর্থ দ্বারা হজ্জ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর পরামর্শক্রমে সরকার সৌদি আরবের মক্কা ও মদিনায় হজ্জযাত্রীর সংখ্যানুযায়ী অতিরিক্ত বাড়ীভাড়া নিশ্চিত করবে। |
| ৮.২.৩ | হজ্জ অফিস, ঢাকা সংশ্লিষ্ট এজেন্সি কর্তৃক মোয়াল্লেম ফিসহ অন্যান্য ফি জমা দানের প্রমাণপত্র এবং উক্ত এজেন্সির মাধ্যমে গমনেচ্ছু হজ্জযাত্রীদের আবেদনপত্র যাচাই করে প্রতিটি এজেন্সির হজ্জযাত্রীর সংখ্যা প্রত্যয়ন করবে। এই প্রত্যয়ন এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদির উপর ভিত্তি করে মক্কাস্থ বাংলাদেশ হজ্জ অফিস এজেন্সির অনুকূলে বাড়ি ভাড়ার অনাপত্তি পত্র প্রদান করবে। |
| ৮.২.৪ | হজ্জ এজেন্সি কর্তৃক ভাড়াকৃত বাড়ির তাসরিয়া, ত্রিপক্ষীয় (সৌদি কর্তৃপক্ষ, বাড়ির মালিক/কোম্পানী ও হজ্জ এজেন্সি) ভাড়াচুক্তি অনুমোদিত মূল কপি/অনূদিত কপি এবং উক্ত চুক্তি ওয়েব সাইট এ আপলোড এর পর প্রাপ্ত প্রিন্ট-কপির অনুলিপিসহ বাড়ির ঠিকানা বাংলাদেশ হজ্জ অফিস, মক্কায় দাখিল করবে। এসব তথ্য পরীক্ষাসহ ভাড়াকৃত বাড়ি পরিদর্শন/নিশ্চিত হয়ে হজ্জ অফিস, মক্কা ছাড়পত্র প্রদান করবে। |
| ৮.২.৫ | বাড়ি ভাড়ার তথ্যসহ বাংলাদেশ হজ্জ অফিস, মক্কার ছাড়পত্র ঢাকা হজ্জ অফিসে জমা প্রদানের পর পরিচালক, হজ্জ অফিস, ঢাকা সংশ্লিষ্ট হজ্জ এজেন্সির হজ্জযাত্রীদের জন্য ভিসার ব্যবস্থা করবেন। |
| ৮.২.৬ | এজেন্সি কর্তৃক প্রতিটি বাড়িতে এবং মিনার তাঁবুতে বাংলাদেশের পতাকার পাশাপাশি সহজে সনাক্তযোগ্য উপকরণ যথা পাঞ্চকার্ড/ স্টিকার/ ব্যানার ইত্যাদি লাগাতে হবে। বাংলাদেশী হজ্জযাত্রী চলাচলের প্রতিটি বাসে বাংলাদেশী পতাকার চিহ্ন সম্বলিত স্টিকার লাগাতে হবে। এছাড়া প্রতি বাড়ির ভিতরে সহজে দৃশ্যমান জায়গায় বাংলাদেশ হজ্জ অফিসের ঠিকানা ও অবস্থান, চিকিৎসক দলের অবস্থান, ব্যাগেজ রুল ও অন্যান্য জরুরি তথ্যাবলী সম্বলিত লিফলেট/ স্টিকার লাগাতে হবে। |
| ৮.২.৭ | ভাড়াকৃত বাড়িসমূহের 'হারেস' বা কেয়ারটেকার যথাসম্ভব বাংলাদেশী হতে হবে। |
| ৮.২.৮ | প্রতিটি বাড়িতে সুপেয় এবং নিরাপদ পানির ব্যবস্থাসহ পর্যাপ্ত আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্তি নিশ্চিত করতে হবে। |
| ৮.২.৯ | হজ্জযাত্রীদের তাসরিয়াযুক্ত ভাড়াকৃত বাড়ি ছাড়া অন্য কোন বাড়িতে রাখা যাবে না। |
| ৮.২.১০ | ভাড়াকৃত বাড়ির ঠিকানা, মোট কক্ষ, মোট ভাড়াকৃত স্পেস, প্রতি কক্ষে কতজন হজ্জযাত্রী থাকবেন এবং প্রতি কক্ষে সিট বিন্যাস করে হজ্জযাত্রীর নাম সম্বলিত কক্ষ বরাদ্দের তালিকা ঢাকাস্থ হজ্জ অফিসে এবং মক্কা/মদিনা অফিসে জমা দিতে হবে যাতে এসব তথ্য নির্ধারিত সময়ে ওয়েবসাইটে প্রকাশ করা যায়। |
| ৮.২.১১ | মক্কা ও মদিনায় হজ্জ এজেন্সির কর্তৃক হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির তাসরীয়ার বাংলায় অনূদিত কপি ভিসার জন্য ডিও'র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে এবং মক্কার বাড়ির প্রবেশ পথে টানিয়ে রাখতে হবে। |
| ৮.২.১২ | মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত আবাসনের তথ্য হজ্জযাত্রীরা মক্কা ও মদিনায় যাওয়ার পূর্বেই ওয়েবসাইটে আপডেট করবে । |
| **৯.** | **সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনায় সহযোগিতা ও তত্ত্বাবধানের উদ্দেশ্যে বিভিন্ন দল প্রেরণঃ**<br>বাংলাদেশের হজ্জযাত্রীদের সৌদি আরবে সেবাদানের নিমিত্ত এবং সৌদি আরব পর্বের হজ্জ ব্যবস্থাপনায় সহযোগিতা ও তত্ত্বাবধানের উদ্দেশ্যে যথাযথ প্রক্রিয়ায় অনুসরণ করতঃ সরকার বিভিন্ন দল প্রেরণ করবে। |
| ৯.১ | **হজ্জ প্রতিনিধি দলঃ**<br>সৌদি আরবে সামগ্রিক হজ্জ ব্যবস্থাপনা তত্ত্বাবধান ও রাজকীয় সৌদি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে শুভেচ্ছা ও মতামত বিনিময় করার উদ্দেশ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নেতৃত্বে দেশের প্রখ্যাত আলেমসহ সম্মানিত ব্যক্তিবর্গের সমন্বয়ে অন্যনু ৩ (তিন) ও সর্বোচ্চ ১০ (দশ) সদস্যের একটি হজ্জ প্রতিনিধি দল সৌদি আরব প্রেরণ করা হবে। |
| ৯.২ | **হজ্জ প্রশাসনিক দলঃ**<br>সৌদি আরবে হজ্জ ব্যবস্থাপনার সার্বিক কার্যক্রম দেখাশুনা, অভিযোগ, তদন্ত, সমন্বয় এবং হজ্জযাত্রীদের সেবা নিশ্চিত করার জন্য সৌদি আরবে দায়িত্বরত কর্মকর্তাদের সহযোগিতা ও তত্ত্বাবধান করার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তার নেতৃত্বে অনধিক ৩৫ (পঁয়ত্রিশ) সদস্যবিশিষ্ট একটি প্রশাসনিক দল প্রেরণ করা হবে। |
| ৯.২.১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জ প্রশাসনিক দলের সদস্যদের দায়িত্ব এবং কর্মকালের মেয়াদ নিরূপণ করবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজ্জ ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত এবং হজ্জ ব্যবস্থাপনায় অভিজ্ঞ কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে দল গঠন করা হবে। প্রশাসনিক দলে মহিলা সদস্য থাকবেন। তাঁরা জেদ্দা, মক্কা, মদিনা, মিনা, আরাফাত ও মুজদালেফায় দায়িত্ব পালন করবেন। উক্ত প্রশাসনিক দলের সদস্যদের চাকুরী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ন্যস্ত থাকবে। তাঁরা সৌদি আরবে গমনপূর্বক কাউন্সিলর (হজ্জ) মক্কা এর নিকট যোগদানপত্র জমা দিবেন এবং বাংলাদেশে প্রত্যার্বতন কালে ছাড়পত্র সংগ্রহ করতঃ বাংলাদেশে প্রত্যার্বতনের পর স্ব-স্ব কর্মস্থলে যোগদান করবেন। হজ্জ প্রশাসনিক দলের কাজ ও সৌদি আরব অবস্থানকাল ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হবে। |
| ৯.২.২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রশাসনিক দলের সদস্যদের বাংলাদেশ ত্যাগের পূর্বেই তাঁদের দায়িত্ব বন্টন-এর অফিস আদেশ জারী করবে তাঁদের সৌদি আরব অবস্থানকালীন সময় কাউন্সেলর (হজ্জ) প্রয়োজনের নিরিখে মন্ত্রণালয় হতে প্রেরিত প্রশাসনিক দলের দলনেতার সাথে পরামর্শক্রমে দায়িত্ব পুনঃবন্টন করতে পারবেন। হজ্জ প্রশাসনিক দলের কোন সদস্য তাঁর দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না। হজ্জ প্রশাসনিক দলের কাজ সম্পাদনে হাব প্রয়োজনীয় সহায়তা করবে। |
| **৯.৩** | **হজ্জ চিকিৎসক দলঃ** |
| ৯.৩.১ | হজ্জের সময় সৌদি আরবে বাংলাদেশী হাজী/ হজ্জযাত্রীদের স্বাস্থ্য সেবা প্রদানের জন্য প্রতি ১(এক) হাজার হজ্জ পালনকারীর জন্য ১ (এক) জন চিকিৎসক অনুপাতের ভিত্তিতে একটি হজ্জ চিকিৎসক দল প্রেরণ করা হবে। হজ্জ চিকিৎসক দলের গঠন (Composition) সদস্যদের নির্বাচন চূড়ান্ত করণের এখতিয়ার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের থাকবে। |

| | |
|---|---|
| ৯.৩.২ | চিকিৎসক দলে হজ্জযাত্রী ও চিকিৎসকগণের সংখ্যানুপাতে প্রয়োজনীয় সংখ্যক অভিজ্ঞ নার্স ও ব্রাদার, ফার্মাসিস্ট এবং প্যারামেডিকস্ অন্তর্ভুক্ত থাকবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্টদের সাথে সভা করে উহা নিশ্চিত করবে। |
| ৯.৩.৩ | চিকিৎসক দলের সদস্যগণ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ ইসলামিক ফাউন্ডেশনের চিকিৎসক, নার্স, ব্রাদার, প্যারামেডিকস ও ফার্মাসিষ্টদের মধ্য হতে মনোনীত হবেন। |
| ৯.৩.৪ | সৌদি আরবে হজ্জ চিকিৎসক দলকে সহায়তা প্রদানের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ও হজ্জ অফিস, ঢাকার ৪র্থ শ্রেণীর কর্মচারী, গাড়ী চালকদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক সহায়তাকারী প্রেরণ করবে। প্রয়োজনে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের ৪র্থ শ্রেনীর কর্মচারীদেরও অন্তর্ভূক্ত করা যাবে। |
| ৯.৩.৫ | হজ্জ চিকিৎসক দলের সদস্যদের সৌদি আরবে অবস্থানকাল ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্ধারণ করবে। |
| ৯.৩.৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জ চিকিৎসক দলের সদস্যদের বাংলাদেশ ত্যাগের পূর্বেই তাঁদের দায়িত্ব বণ্টন-এর অফিস আদেশ জারী করবে। তাঁদের সৌদি আরব অবস্থানকালীন সময় কাউন্সেলর (হজ্জ) প্রয়োজনের নিরিখে মন্ত্রণালয় হতে প্রেরিত প্রশাসনিক দলের দলনেতার সাথে পরামর্শক্রমে দায়িত্ব পুনঃবণ্টন করবেন। হজ্জ চিকিৎসক দলের কোন সদস্য তাঁর দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/ স্ত্রী/ সন্তান/ আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না। তারা মক্কায় গমন পূর্বক কাউন্সিলর (হজ্জ) এর নিকট যোগদান পত্র দাখিল করবেন এবং বাংলাদেশে প্রত্যাবর্তন কালে কাউন্সিলর (হজ্জ) এর নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন। |
| ৯.৩.৭ | হজ্জ চিকিৎসক দলের সদস্যদের চাকুরী সৌদি আরব অবস্থানকালীণ সময়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ন্যস্ত থাকবে। তাঁরা সৌদি আরবে কাউন্সেলর (হজ্জ) ও হজ্জ অফিসার মদিনা ও জেদ্দার তত্বাবধানে দায়িত্ব পালন করবেন। |
| **৯.৪** | **হজ্জ গাইড নির্বাচনঃ** |
| ৯.৪.১ | সরকারী ব্যবস্থাপনায় প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য একজন হজ্জ গাইড থাকবে। হজ্জ গাইড বাছাই ও কার্যপরিধি সংক্রান্ত নির্দেশিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জারী করবে। |
| **৯.৫** | **রাষ্ট্রীয় খরচে হজ্জ পালনঃ** |
| **৯.৫.১** | অত্র জাতীয় হজ্জ ও ওমরাহ নীতিতে যা কিছুই উল্লেখ থাকুক না কেন মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অথবা সরকার কর্তৃক মনোনীত একটি নির্দিষ্ট সংখ্যক ধর্মপ্রান মুসলমানকে সরকার কর্তৃক ঘোষিত সর্বনিমণ প্যাকেজ মূল্যে সরকারী অর্থে পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে সৌদি আরব প্রেরণ করা যাবে। এ দলের সদস্যগণ সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রী হিসেবে সরকারের সর্বনিমণ প্যাকেজ মূল্যে উল্লেখিত সেবাসমূহ প্রাপ্য হবেন। তারা দৈনিক ভাতা বা অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। |
| **৯.৬** | **সহকারী হজ্জ অফিসার নিয়োগঃ** |
| ৯.৬.১ | শুধুমাত্র হজ্জ মৌসুমের জন্য সরকার কর্তৃক সৃষ্ট পদে বাংলাদেশ হজ্জ অফিস মদিনা, মক্কা ও জেদ্দায় ৩/৪ মাসের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাদের মধ্য হতে হজ্জ সম্পর্কে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন একজন করে হজ্জ অফিসার নিয়োগ করা হবে। |
| ৯.৬.২ | বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দায় হজ্জ মৌসুমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের দাপ্তরিক কাজে সহায়তা করার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত হজ্জ সম্পর্কে অভিজ্ঞ প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরদের সমন্বয়ে সর্বোচ্চ ৯ (নয়) সদস্যের একটি দল প্রেরণ করা হবে। |

| তৃতীয় অধ্যায় | |
|---|---|
| ১০. | **বেসামরিক বিমান পরিবহন ও  পর্যটন মন্ত্রণালয়ের ভূমিকাঃ** |
| ১০.১ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় শুধুমাত্র হজ্জযাত্রীদের পরিবহন এবং এতদসংক্রান্ত  ব্যবস্থাপনার যাবতীয় দায়িত্ব পালন করবে। |
| **১০.১.১** | হজ্জযাত্রী পরিবহনের সুবিধার্থে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স ছাড়াও ঢাকা-জেদ্দা-ঢাকা ও ঢাকা-মদিনা/জেদ্দা-ঢাকা পথে সরাসরি হজ্জযাত্রী পরিবহনে ইচ্ছুক মধ্যপ্রাচ্য ভিত্তিক সুনামের অধিকারী প্রতিষ্ঠিত অন্যান্য এয়ারলাইন্স যোগে হজ্জযাত্রী পরিবহনের ব্যবস্থা গ্রহণ করতে পারবে। |
| ১০.১.২ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হিজরী সালের রবিউল আউয়াল মাসের ৩০ তারিখের মধ্যে হজ্জযাত্রীদের ঢাকা-জেদ্দা-ঢাকা ও ঢাকা-মদিনা/জেদ্দা-ঢাকা পথের সম্ভাব্য বিমান ভাড়া নির্ধারণ করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের বিমান ভাড়া একই হবে। প্রসত্মাবিত ভাড়া সংশ্লিষ্ট পক্ষগুলোর সাথে আলোচনা করে সরকার কর্তৃক চূড়ান্ত করা হবে । |
| ১০.১.৩ | হজ্জযাত্রী পরিবহন সংক্রান্ত বিষয়াদি সমন্বয়ের জন্য মক্কা ও মদিনাস্থ বাংলাদেশ হজ্জ অফিসে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে জন্য একটি কক্ষ বরাদ্দ থাকবে। |
| ১০.১.৪ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের পক্ষে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স হজ্জ মৌসুমে হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউলসহ এতদসংক্রান্ত যাবতীয় সমন্বয়মূলক দায়িত্ব পালন করবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বেসরকারি হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হজ্জযাত্রী পরিবহন সংক্রান্ত একটি গাইড লাইন প্রণয়ন করবে। |
| ১০.১.৫ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স এবং GACA এর সাথে আলোচনাক্রমে সমঝোতার ভিত্তিতে ঋষরমযঃ ঝপযবফঁষব নির্ধারণ করবে। বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, হজ্জ অফিস ঢাকা ও সংশ্লিষ্ট এজেন্সিসমূহের প্রতিনিধি ত্রি-পক্ষীয় আলোচনার মাধ্যমে নির্ধারণ করবে। হজ্জযাত্রীদের সৌদি আরব অবস্থানকাল সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সীমিত রাখতে হবে। |
| ১০.১.৬ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স জেদ্দা, মক্কা আল-মুকাররমা ও মদিনা আল-মুনাওয়ারাস্থ অফিস যথাসময়ে হজ্জযাত্রীদের ফ্লাইট সংক্রান্ত তথ্যাদি সৌদি আরবস্থ বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, মদিনা ও জেদ্দাকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রচলিত বিধি অনুযায়ী সৌদি আরবের কম্পিউটার সিস্টেমে তথ্যসমূহ হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০.১.৭ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও বাংলাদেশ হজ্জ অফিসের মধ্যে অধিকতর সমন্বয় নিশ্চিত করার লক্ষ্যে হজ্জ মৌসুমে সৌদি আরব পর্বে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর হজ্জযাত্রী পরিবহন সংক্রান্ত কার্যক্রম কনসাল জেনারেল-এর তত্ত্বাবধানে পরিচালিত হবে। |
| ১০.১.৮ | যে সকল এয়ারলাইন্স হজ্জযাত্রী পরিবহন করবে তারা তাদের Flight Schedule হজ্জ ওয়েবসাইটে (www.hajj.gov.bd) সরাসরি প্রকাশ করবে। এজন্য মন্ত্রণালয়ের আই.টি ফার্মের কাছ থেকে প্রয়োজনীয় Password সংগ্রহ করবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এ মর্মে সকল এয়ারলাইন্সকে নির্দেশনা প্রদান করবে। |
| ১০.১.৯ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সৌদি আরবে জেদ্দা ও মদিনায় বিমান বন্দর কর্তৃপক্ষ ও GACA এর সাথে আলোচনাক্রমে হজ্জপূর্ব ও হজ্জউত্তর ফ্লাইট সিডিউল সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি গ্রহণ করবে। |
| ১০.২ | হজ্জ ফ্লাইটের যাত্রীদের ইমিগ্রেশন, কাস্টমস, চেক-ইন ইত্যাদি কার্যক্রমঃ পর্যায়ক্রমে হজ্জ মৌসুমে হজ্জ ফ্লাইটে সৌদি আরব গমনের নিমিত্ত সকল হজ্জযাত্রীর ইমিগ্রেশন, কাস্টমস, চেক-ইন ইত্যাদি বিমানে আরোহণ-পূর্ব যাবতীয় আনুষ্ঠানিকতা অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিভিন্ন এয়ারলাইন্সের সাথে বিষয়টি সমন্বয় করে হজ্জ ক্যাম্প হতে বিমান বন্দর পর্যন্ত হজ্জযাত্রী পৌঁছানোর বিষয়ে হজ্জ অফিস, ঢাকার সাথে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| ১০.৩ | হজ্জ শেষে হজ্জযাত্রী/হাজীদের দেশে প্রত্যাবর্তনের সময় জেদ্দা হজ্জ টার্মিনালে এয়ারলাইন্সের পক্ষ থেকে যথাযথ পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে। জেদ্দা/মদিনা হজ্জ টার্মিনালে হজ্জযাত্রীদের যাত্রা বিলম্ব/ Detained হলে বিমান পরিবহনে আন্তর্জাতিক বিধি বিধান অনুসরণক্রমে সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক হজ্জযাত্রীদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১০.৪ | হজ্জযাত্রী পরিবহনে নিয়োজিত এয়ারলাইন্সগুলো সম্মানিত হজ্জযাত্রীদের আরও উন্নততর সেবা প্রদান করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০.৫ | সম্মানিত হজ্জযাত্রীদের ব্যাগ/মালামাল যাতে না হারায় এবং Mishandle হলে যাতে সত্বর খুঁজে বের করা যায় ও নিরাপত্তা বিধান করা যায় সে বিষয়ে এয়ারলাইন্সসমূহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০.৬ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ ঢাকা হতে মদিনায় সরাসরি হজ্জযাত্রীদের পরিবহনের জন্য হজ্জ ফ্লাইট পরিচালনার যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| ১০.৭ | সম্মানিত হজ্জযাত্রীগণ টিকেট হারিয়ে ফেললে সৌদি আরবস্থ বাংলাদেশ হজ্জ অফিসসমূহের প্রত্যয়ন সাপেক্ষে বিমান Replacement টিকেট ইস্যু করে থাকে। জেদ্দাস্থ হজ্জ টার্মিনালে প্রযুক্তিগত Support প্রাপ্তি সাপেক্ষে বিমান হজ্জ যাত্রীদের জন্য E-Ticket প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০.৮ | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক প্রনীত হজ্জের ফ্লাইট সিডিউল অনুমোদনের জন্য যথাসময়ে সৌদি GACA-এর বরাবর দাখিল করা এবং বিমানের ফ্লাইট সিডিউল অনুমোদনের জন্য GACA-এর সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা । বিষয়টি সম্পূর্ণরূপে সৌদি GACA-এর এখতিয়ারাধীন বিধায় বিমানের পক্ষে অনুমোদন তরান্বিত করার লক্ষ্যে সময়মত GACA কর্তৃক ৩০-৩৫ দিনে ফ্লাইট সিডিউল নির্ধারণের বিষয়টি অনুমোদনের ব্যাপারে সচেষ্ট থাকবে। |
| ১০.৯ | বিমান ভাড়া নির্ধারণ ও টিকেট বিক্রয়ের বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। |

| | |
|---|---|
| ১১. | **পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকাঃ**<br>হজ্জ কার্যক্রম বাংলাদেশ এবং সৌদি আরব-এর মধ্যে একটি দ্বি-পাক্ষিক বিষয়। দ্বি-পাক্ষিক সম্পর্কের সংশ্লিষ্ট ক্ষেত্রে দূতাবাস/কনসুলেটের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয় স্বীয় দায়িত্ব পালন করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় সৌদি সরকারের সঙ্গে সংশ্লিষ্ট চুক্তি সম্পাদন ও হজ্জসংক্রান্ত ভিসা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও সৌদি আরবে কূটনৈতিক যোগাযোগ, প্রটোকল, উর্ধ্বতন সৌদি কর্তৃপক্ষের সাথে সাক্ষাৎ, বাড়ি ভাড়া, হজ্জযাত্রী পরিবহনের ক্ষেত্রে সম্লট প্রাপ্তি ইত্যাদি বিষয়ে স্বীয় দায়িত্ব পালনসহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং সৌদি আরবে কর্মরত হজ্জ ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীদেরকে সহযোগিতা প্রদান করবে। তাছাড়াও হজ্জ ও ওমরাহ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকার সংশ্লিষ্ট দ্বি-পাক্ষিক বিষয়সমূহে সার্বিক সহায়তা প্রদান নিশ্চিত করবে। |
| ১২. | **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ভূমিকাঃ** |
| ১২.১ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে হজ্জযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১২.২ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফর্মে স্বাস্থ্য সনদ প্রদানকালে হজ্জযাত্রীদের স্বাস্থ্যগত ও শারীরিক যোগ্যতার বিষয়টি নিশ্চিত করবে। |
| ১২.৩ | নির্ধারিত সময়ের মধ্যে মেনিনজাইটিস, ইনফ্লুয়েঞ্জা ইত্যাদি প্রতিষেধক সংগ্রহ ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১২.৪ | সৌদি আরবে হজ্জযাত্রীদের সেবা প্রদানের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে নির্ধারিত সময়ে চিকিৎসক দলের সদস্য তথা চিকিৎসক, নার্স, ব্রাদার ও ফার্মাসিস্ট মনোনয়ন প্রদান করবে। |
| ১২.৫ | সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে অতিশয় বৃদ্ধ, ঝুঁকিপূর্ণ রোগে আক্রান্ত, ক্ষীণ দৃষ্টি ইত্যাদি রোগাক্রান্ত ব্যক্তিদের যাতে হজ্জে গমনের স্বাস্থ্যগত উপযুক্ততার সার্টিফিকেট দেয়া না হয় তার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করবে। |
| ১৩. | **স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকাঃ** |
| ১৩.১ | হজ্জ ও ওমরাহযাত্রীদের আন্তর্জাতিক পাসপোর্ট প্রস্তুত করার জন্য যথাসময়ে অগ্রাধিকার ভিত্তিতে পুলিশ ছাড়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। হজ্জ মৌসুমে হজ্জক্যাম্পে হজ্জযাত্রীদের নিরাপত্তা প্রদান, ওমরাহযাত্রীদের ইমিগ্রেশন সংক্রান্ত কার্যক্রম যথাসম্ভব সহজতর করাসহ হজ্জ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমে সহায়তা প্রদান করবে। ইমিগ্রেশন কর্তৃপক্ষ হজ্জ ও ওমরাহ ভিসায় গমনকারী ও প্রত্যাগমনকারীদের নাম, ঠিকানাসহ প্রকৃত তালিকা (স্পষ্ট কপি) ও সংখ্যা দৈনিক ভিত্তিতে হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে। |
| ১৩.২ | হজ্জে গমনকৃত হাজীদের সুনির্দিষ্ট তথ্যসহ তালিকা (সফ্ট কপি) ফ্লাইটওয়ারী আই.টি প্রতিষ্ঠানকে সরবরাহ নিশ্চিত করার জন্য ইমিগ্রেশনকে নির্দেশনা প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে। একইভাবে বিভিন্ন এয়ারলাইন্স-এর মাধ্যমে প্রত্যাগত হাজীদের ফ্লাইটওয়ারী তথ্যও ইমিগ্রেশন আই.টি-কে সরবরাহ করবে। প্রতিদিন একাধিকবার এই তথ্য দিতে হবে যাতে তা সাথে সাথে ওয়েব সাইটে আপডেট করা যায় এবং রিপোর্ট নেয়া যায়। |
| ১৩.৩ | কাঁচা খাবার/খাবার প্রস্তুতের দ্রব্য সামগ্রী ও রেজিস্টার্ড ডাক্তারের ব্যবস্থাপত্র বিহীন ঔষধ পত্র যাতে হজ্জ ও ওমরাহযাত্রীরা বহন করতে না পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ইমিগ্রেশন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেবে। |
| **১৪.** | **গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ভূমিকাঃ**<br>গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হজ্জক্যাম্পের সারাবছর রক্ষণাবেক্ষণসহ হজ্জ মৌসুমে যথাসময়ে প্রয়োজনীয় পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করে হজ্জ অফিস প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতায় হজ্জ অফিস এর সার্বক্ষণিক নিরাপত্তাসহ হজ্জ মৌসুমে বিশেষ নিরাপত্তা বিধানের নিমিত্ত বিভিন্ন ব্যবস্থা গ্রহণ, প্রয়োজনে স্থায়ী/অস্থায়ী স্থাপনা নির্মাণ, হজ্জক্যাম্প সজ্জিতকরণ, নিরাপদ পানীয় জলের সংস্থানসহ প্রয়োজনীয় ইউটিলিটি সার্ভিস প্রদান নিশ্চিত করবে। এছাড়াও হজ্জসংক্রান্ত সংশ্লিষ্ট কাজে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। |
| **১৫.** | **তথ্য মন্ত্রণালয়ের ভূমিকাঃ**<br>হজ্জ কর্মপরিকল্পনা ঘোষণা হতে শুরু করে বিভিন্ন ঘোষণা ও বিবৃতিমূলক বিজ্ঞপ্তিসহ হজ্জের নিয়ম-কানুন এবং সচেতনতামূলক বিজ্ঞপ্তি/ ঘোষণা/ বিজ্ঞাপন ইত্যাদি প্রিন্টও ইলেক্ট্রনিক মিডিয়ায় অগ্রাধিকার ভিত্তিতে ব্যাপক প্রচারের লক্ষ্য তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও হজ্জ মৌসুমে সম্প্রচারমূলক ও প্রচারণামূলক কর্মকান্ডে হজ্জ অফিস, ঢাকাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। প্রযোজ্য ক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণমূলক কর্মকান্ডে এবং হজ্জ ও ওমরাহসংক্রান্ত প্রচার-প্রচারণামূলক কার্যক্রমে জেলা প্রশাসনকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের ব্যবস্থা করবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধক্রমে হজ্জ ও ওমরাহ সংক্রান্ত স্লাইড, স্থির চিত্র, বিজ্ঞাপন চিত্র, তথ্য চিত্র, প্রামাণ্য চিত্র ইত্যাদি তৈরিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তথ্য মন্ত্রণালয় হজ্জ ও ওমরাহ সংক্রান্ত প্রচার তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার লক্ষ্যে বেসরকারি বিভিন্ন টিভি চ্যানেল, রেডিও ও প্রিন্ট মিডিয়ার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবে। এ ছাড়া ডিজিটাল ফরম চালু ও ব্যবহার বিধি অবহিত করার জন্য প্রয়োজনীয় বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করবে । |
| ১৬. | **বাংলাদেশ ব্যাংকের ভূমিকাঃ**<br>সৌদি আরবে বাড়ি ভাড়া, মোয়াল্লেম ফিসহ বিভিন্ন ফি, হজ্জযাত্রীদের ব্যক্তিগত ব্যয়ের জন্য হজ্জ ব্যবস্থাপনার সাথে বৈদেশিক মুদ্রার বিষয়টি জড়িত। হজ্জ অগ্রাধিকার বিবেচনায় বাংলাদেশ ব্যাংক যথাসময়ে বৈদেশিক মুদ্রা ছাড় এবং তদসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাংক ছাড়াও অন্যান্য তফসীলভুক্ত ব্যাংক থেকে বৈদেশিক মুদ্রা স্থানান্তরের ব্যবস্থা **করবে।** তাছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধক্রমে অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| **১৭.** | **জেলা প্রশাসকের ভূমিকাঃ**<br>জেলা প্রশাসক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী হজ্জ ব্যবস্থাপনা কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। জেলা প্রশাসক হজ্জের আবেদন ফরম/ডিজিটাল আবেদন ফরম সংগ্রহ, বিতরণ, গ্রহণ এবং হজ্জ অফিস, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও জেলা প্রশাসক প্রয়োজনে হজ্জসংক্রান্ত বিষয়াদি প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণসহ হজ্জযাত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। হজ্জ সংক্রান্ত বিষয়ে তথ্য কেন্দ্র স্থাপন এবং হজ্জ সম্পাদনে হজ্জযাত্রীদের সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন। |

| | |
|---|---|
| | জেলা প্রশাসক হজ্জসংক্রান্ত কাজে স্থানীয় পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমের সমন্বয় করবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধক্রমে স্থানীয় পর্যায়ে হজ্জযাত্রীদের অভিযোগ তদন্ত ও নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়াও জেলা প্রশাসকগণ হজ্জ ব্যবস্থাপনা কার্যক্রমে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে সম্পৃক্তকরতঃ হজ্জযাত্রীগণকে সার্বিক সহযোগিতা প্রদানের কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। |
| **১৮.** | **ইসলামিক ফাউন্ডেশন এর ভূমিকাঃ** |
| ১৮.১ | সরকারি ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রী সংগ্রহ ও তাদের প্রদেয় সুযোগ সুবিধাসহ যাবতীয় বিষয় জনগণকে অবহিত ও উদ্বুদ্ধ (Motivate) করবে। জেলা পর্যায়ে হজ্জ ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবে। হজ্জের তথ্যাবলীর জন্য ওয়েব সাইটের (www.hajj.gov.bd) ঠিকানা প্রচার করবে। ডিজিটাল ফরম পূরণের ব্যবহার বিধি হজ্জযাত্রীদের অবহিত করবে। |
| ১৮.২ | হজ্জের অভিজ্ঞতাসম্পন্ন প্রশিক্ষিত ইমামদের মাধ্যমে হজ্জের আরকান-আহকাম সম্পর্কে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় হজ্জে গমনেচ্ছুদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১৮.৩ | হজ্জযাত্রীদের আবেদনপত্র পূরণ, জেলা প্রশাসকের কার্যালয়ে জমাদানে সহযোগিতা, হজ্জ অফিস, ঢাকার সাথে যোগাযোগ রক্ষা ইত্যাদি দায়িত্ব পালন করবে। |
| ১৮.৪ | সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য নিয়োজিতব্য হজ্জ গাইড নির্বাচনে মন্ত্রণালয় কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটিকে সহায়তা করবে। |
| ১৮.৫ | সরকারি ব্যবস্থাপনার প্রতি ৪৫ জন হজ্জযাত্রী নিয়ে গ্রুপ গঠন করবে। |
| **১৮.৬** | প্রয়োজনে হজ্জ ব্যবস্থাপনা কার্যক্রমে ইসলামিক ফাউন্ডেশন এর আওতাধিন উপজেলা পর্যায়ের মসজিদ ভিত্তিক পাঠাগার এর কর্মকর্তা/কর্মচারী, ইসলামিক মিশনসমূহের কর্মকর্তা/কর্মচারী ও মসজিদভিত্তিক গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক ও মাষ্টার ট্রেইনারগণকে সম্পৃক্ত করবেন। |

| চতুর্থ অধ্যায় | |
|---|---|
| ১৯. | **আপৎকালীন ফান্ডঃ**<br>হজ্জক্যাম্পে হজ্জযাত্রীদের আগমনের পর থেকে হজ্জ সমাপনান্তে প্রত্যাবর্তন পর্যন্ত যে কোন দৈব-দুর্বিপাক বা তাৎক্ষণিক জরুরি প্রয়োজন ব্যয় নির্বাহ ও হজ্জযাত্রী/ হাজীদের সার্বিক কল্যাণের জন্য আপৎকালীন ফান্ড থাকবে। প্রত্যেক হজ্জযাত্রী কর্তৃক আপৎকালীন ফান্ড-এর বিপরীতে সরকার কর্তৃক নির্ধারিত টাকা হিসাবে গৃহীত অর্থ উক্ত ফান্ডের উৎস হবে। এ ছাড়া হজ্জযাত্রীদের নিকট থেকে হজ্জ সম্পাদনের নিমিত্ত বিভিন্ন খাতের অনুকূলে জমাকৃত অর্থের মাধ্যমে ক্রয়কৃত বৈদেশিক মুদ্রার বিনিময় মূল্যের তারতম্যের কারণে অতিরিক্ত অর্থ (যদি থাকে), ইতোমধ্যে স্থানীয় সার্ভিস চার্জ এর অব্যয়িত, অদাবিকৃত ও বৈদেশিক মুদ্রার বিনিময় হার-এর তারতম্যের ফলে জমাকৃত অর্থও উক্ত ফান্ডে জমা হবে। তাছাড়াও সরকারী ও বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জমাকৃত অর্থের অব্যয়িত (যদি থাকে) অর্থ (মোয়াল্লেম ফি ও অন্যান্য) উক্ত ফান্ডে সরাসরি স্থানান্তরিত হবে। আপৎকালীন ফান্ডে জমাকৃত অর্থ/তহবিল পরিচালনার জন্য অর্থ বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরামর্শক্রমে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় একটি স্বয়ংসম্পূর্ণ নীতিমালা প্রণয়ন করবে। |
| **২০.** | **হজ্জযাত্রীদের অব্যয়িত অর্থ ফেরত প্রদানঃ** |
| **২০.১** | মৃত্যু ও গুরুতর অসুস্থতা/দুর্ঘটনা জনিতকারণে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের লক্ষ্য সৌদি আরব গমনে ব্যর্থ হলে কেবলমাত্র অব্যয়িত অর্থ (বিমান ভাড়া, খাওয়া খরচ, ইত্যাদি) ফেরৎ পাবেন। |
| ২০.২ | সরকারি ব্যবস্থাপনায় সৌদি আরবে বাড়ি ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ফেরত যোগ্য হবে। |
| ২০.৩ | উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ক্ষেত্রে অর্থ ফেরত প্রদান সংক্রান্ত উদ্ভূত যে কোন সমস্যা নিরসনের ক্ষেত্রে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। |
| ২০.৪ | সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রে বিমান ভাড়া ফেরত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের বিধি-বিধান প্রযোজ্য হবে। |

| পঞ্চম অধ্যায় | |
|---|---|
| **২১.** | **ওমারাহ এজেন্সি সংক্রামন্তঃ** |
| **২১.১** | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে জারীকৃত পরিপত্র নং: ধবিম/শাঃ৩/৪-৬/২০০৫/৫২,তারিখ: ১০/০২/২০১০ খ্রিঃ, বাতিলক্রমে বেসরকারি ব্যবস্থাপনায় বাংলাদেশ হতে পবিত্র ওমরাহ পালনে গমনেচ্ছুদের দলগতভাবে/ এককভাবে সৌদি আরবে প্রেরণ ও ফেরত আনা সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য ওমরাহ এসেন্সী নিয়োগ/ নবায়নের বিষয়ে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ কার্যকর হবে। এ হজ্জ ও ওমরাহ নীতি ইতিপূর্বে নিয়োগকৃত ওমরাহ এজেন্সির সমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে । |
| **২১.২** | **ওমরা এজেন্সির দায়-দায়িত্বঃ** |
| **২১.২.১** | সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে ওমরাহ পালনে ইচ্ছুকদের গ্রুপ ভিত্তিক/এককভাবে বাংলাদেশ থেকে সৌদি আরবে প্রেরণ, ওমরাহ পালনের জন্য মক্কা শরীফে আবাসন, গাইডের ব্যবস্থা, মদিনা শরীফে জেয়ারতের জন্য প্রেরণ, মদিনা শরীফে আবাসন, খাওয়া ও সার্বক্ষনিক গাইডের ব্যবস্থা (প্যাকেজট্যুর) এবং অন্যান্য আনুষাংগিক কার্যাদিসহ ওমরাহ পালন শেষে দেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রতিটি গ্রুপ/একক সৌদি আরব যাওয়ার আগে এবং সৌদি আরব থেকে বাংলাদেশে ফেরত আসার বিষয়ে প্রমান সংক্রান্ত তথ্যাদি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ অফিস, ঢাকা ও মক্কাস্থ বাংলাদেশ হজ্জ মিশনে দাখিল করতে হবে। |
| **২১.২.২** | ওমরাহ পালনকারীদের ভিসা প্রক্রিয়া হজ্জ অফিসের মাধ্যমে সম্পন্ন করতে হবে। |
| **২১.২.৩** | কোন ওমরাহ এজেন্সির প্রতি বৎসর সর্বোচ্চ ৫০০ জন বেশী ওমরাহ যাত্রী প্রেরণ করতে পারবে। তবে সরকার সময়ে সময়ে এ সংখ্যা কমাতে কিংবা বৃদ্ধি করতে পারবে। |
| **২১.২.৪** | কোন গ্রুপের কোন সদস্য যদি মৃত্যু অথবা গুরুতর অসুস্থতা ব্যতীত অন্য কোন কারণে সৌদি আরব থেকে যায় এবং সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি তাঁকে ফেরত আনতে ব্যর্থ হয় তাহলে এ রূপ প্রতি ওমরাহ যাত্রীর ক্ষেত্রে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সির জামানত হতে সার্বোচ্চ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত বাজেয়াপ্ত করা যাবে। কোন গ্রুপের একাধিক ব্যক্তির বেলায় এইরূপ ঘটনা ঘটলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিরসমূদয় জামানত বাজেয়াপ্ত অথবা সমূদয় জামানত বাজেয়াপ্তসহ ওমরা এজেন্সির নিয়োগের আদেশ বাতিল করতে পারবে। এক্ষেত্রে অত্র জাতীয় হজ্জ ও ওমরাহনীতির সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ প্রযোজ্য হবে। |
| **২১.২.৫** | ওমরাহ এজেন্সি কর্তৃক ওমরাহ পালন করতে ইচ্ছুকদের নিকট হতে বিমান ভাড়া, বাড়ী/হোটেল ভাড়া, খাওয়া-দাওয়া, বাস ভাড়া ইত্যাদির বাবদ সকল প্রকার অর্থ এজেন্সির নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহ করবে। প্রত্যেক ওমরাহ এজেন্সির ব্যাংক হিসাব নম্বর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করবে। |
| **২১.২.৬** | কোন ওমরাযাত্রী যদি কোন ওমরাহ এজেন্সির বিরুদ্ধে ওমরা সংশ্লিষ্ট কোন বিষয়ে অভিযোগ উত্থাপন করে তবে তা তদন্ত করতঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির সংশ্লিষ্ট অনুচ্ছেদের আলোকে নিষ্পত্তি করবে। |
| **২১.২.৭** | ওমরাহ এজেন্সিকে বাংলাদেশ সরকার ও সৌদি সরকারের যাবতীয় আইন কানুন, বিধি, বিধান, প্রথা ও প্রশাসনিক আদেশ ইত্যাদি যথাযথ ভাবে মেনে চলতে হবে। |
| **২১.২.৮** | ওমরাহ এজেন্সি কর্তৃক প্রেরিত কোন ওমরাহ যাত্রী (মৃত্যু/অসুস্থতাজনিত কারণ বা অন্য কোন আইন সংগত কারণ ব্যাতীত) যদি ফেরৎ না আসে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সির দায়ী থাকবে। এই ক্ষেত্রে সৌদি আরবে এবং বাংলাদেশে প্রচলিত আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **২১.২.৯** | ওমরাহ এজেন্সি কর্তৃক ওমরা প্রসেসিং ফি ও প্রদেয় সকল সেবার নির্ধারিত ব্যয় উল্লেখ পূর্বক বিভিন্ন ক্যাটাগরীর ওমরাহ প্যাকেজ ঘোষণা করবে এবং এর কপি ধর্ম বিষয়ক মন্ত্রনালয় ও হজ্জ অফিস, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবে। |
| **২১.২.১০** | রাজকীয় সৌদি সরকারের ওমরাহ সংক্রান্ত নীতি মোতাবেক বাংলাদেশের ওমরাহ এজেন্সির (কোম্পানী/ট্রাভেল এজেন্সি) তাদের সকল প্রকার কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় সৌদি ওমরাহ এজেন্সির সাথে সার্বিক বিষয়ে চুক্তিবদ্ধ হবে। কেননা ওমরাহ ভিসায় গমনকারী তার নির্দিষ্ট কাজের বাহিরে এমন কোন কাজ করতে পারবেন যা স্থানীয়ভাবে কোম্পানীকে কর্মরত শ্রমিক/স্টাফগণ করতে পারে। |

| ৬ষ্ঠ অধ্যায় | | |
|---|---|---|
| ২২. | **হজ্জ ও ওমরাহ এজেন্সি নিয়োগ, পরিদর্শন ও নবায়নঃ** | |
| ২২.১ | **নিয়োগের শর্তাবলীঃ**<br>বেসরকারি ব্যবস্থাপনার মাধ্যমে হজ্জ ও ওমরাহ কার্যক্রম পরিচালনার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জ ও ওমরাহ এজেন্সি নিয়োগ করবে। | |
| ২২.১.১ | কোন একটি হজ্জ ও ওমরাহ এজেন্সির স্বত্বাধিকারী/ পরিচালক/ অংশীদার কেবল একটি করে হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স পাওয়ার বা সংরক্ষণের অধিকারী হবেন। হজ্জ ও ওমরাহ এজেন্সির বিক্রয়/হস্তান্তরযোগ্য নয়। মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে একক মালিকানা থেকে যৌথ মালিকানায় রূপান্তর/পরিবর্তন এবং ঠিকানা পরিবর্তন করা যাবে। | |
| ২২.১.২ | এজেন্সির স্বত্বাধিকারী/ পরিচালক/অংশীদার সকলকে জন্মসূত্রে বাংলাদেশের মুসলিম নাগরিক হতে হবে। এক্ষেত্রে নাগরিকত্ব প্রমানের জন্য ইউ.পি/ পৌরসভা /সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র/ জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট ইত্যাদি প্রযোজ্য হবে। | |
| ২২.১.৩ | হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হালনাগাদ ট্রাভেল এজেন্সির সনদপত্র থাকতে হবে। | |
| ২২.১.৪ | ওমরাহ এজেন্সির প্রাপ্তির ক্ষেত্রে হজ্জ লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি ও যোগ্যতা ছাড়াও হালনাগাদ IATA সনদ থাকা বাধ্যতামূলক হবে। | |
| ২২.১.৫ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অর্থের জামানত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নামে লিয়েনকৃত এফডিআর-এর মাধ্যমে জমা রাখতে হবে। | |
| ২২.১.৬ | একই ঠিকানা/স্পেস-এ একাধিক হজ্জ অথবা ওমরাহ এজেন্সি লাইসেন্স প্রদানযোগ্য হবে না। হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স পেতে হলে আবেদনকারী প্রতিষ্ঠানের বাংলাদেশে নিজস্ব অথবা ভাড়াকৃত কমপক্ষে ৪০০ (চারশত) বর্গফুট আয়তনের অফিস ও প্রয়োজনীয় জনবল থাকতে হবে। | |
| ২২.১.৭ | হজ্জ ও ওমরাহ এজেন্সিকে বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন, বিধি-বিধান, প্রথা ও প্রশাসনিক আদেশ ইত্যাদি যথাযথভাবে মেনে চলতে হবে। এতদসংক্রান্ত ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অপরাপর শর্তসহ সকল শর্ত পালনের নিমিত্ত এজেন্সিসমূহকে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। | |
| ২২.১.৮ | এজেন্সির অফিসে যোগাযোগের আধুনিক ব্যবস্থা (টেলিফোন, ই-মেইল, মোবাইল, ফ্যাক্স, রিজার্ভেশন পদ্ধতি ইত্যাদি) থাকতে হবে। পর্যায়ক্রমে স্ব স্ব ওয়েবসাইট তৈরি করতে হবে। | |
| ২২.১.৯ | হজ্জ ও ওমরাহ এজেন্সির নিয়োগ ও নবায়নের ক্ষেত্রে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় ফি নির্ধারণ করবে। | |
| ২২.১.১০ | শাস্তি স্বরূপ হজ্জ অথবা ওমরাহ লাইসেন্স বাতিলকৃত কোন এজেন্সির স্বত্বাধিকারী/ পরিচালক/ অংশীদার কোনক্রমেই পুনরায় হজ্জ অথবা ওমরাহ লাইসেন্স পাওয়ার অধিকারী হবেন না বা অন্য কোন হজ্জ অথবা ওমরাহ এজেন্সির কার্যক্রমে অংশগ্রহণ বা সম্পৃক্ত হতে পারবেন না। | |
| ২২.১.১১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার স্বার্থে অন্যবিধ যে কোন শর্ত আরোপের ক্ষমতা সংরক্ষণ করবে। | |
| ২২.১.১২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইচ্ছা করলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে হজ্জ ও ওমরাহ এজেন্সি নিয়োগের যে কোন আবেদনপত্র/এজেন্সি নিয়োগের আদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে। | |
| ২২.২ | **নিয়োগ প্রক্রিয়াঃ**<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ট্রাভেল এজেন্সি কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনের আলোকে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতিতে বর্ণিত শর্তাবলী অনুসরণ করে সরজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ফি গ্রহণ পূর্বক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নতুন হজ্জ ও ওমরাহ এজেন্সি নিয়োগ করবে। | |
| ২২.৩ | **পরিদর্শনঃ**<br>জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি, এজেন্সির ও সরকারের সাথে সম্পাদিত চুক্তির শর্তসমূহ এবং হজ্জ ও ওমরাহ সংক্রান্ত বাংলাদেশ ও সৌদি সরকারের বিধি-বিধান যথাযথভাবে বাস্তবায়ন পরিবীক্ষণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যাক্তি/প্রতিষ্ঠান বাংলাদেশ ও সৌদি আরবে হজ্জ ও ওমরাহ এজেন্সির সার্বিক কার্যক্রম তদারক/পরিদর্শন করতে পারবে। | |
| ২২.৪ | **নবায়নঃ**<br>এজেন্সিসমূহের পূর্ববর্তী বছরসমূহের কার্যক্রম, সেবার মান, হালনাগাদ ট্রাভেল লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ওমরাহ এজেন্সির ক্ষেত্রে IATA সনদ ইত্যাদিসহ সংশ্লিষ্ট প্রমাণপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরকারের সন্তুষ্টি সাপেক্ষে সময় সময়ে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত ফি গ্রহণ করতঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়কালের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজ্জ ও ওমরাহ লাইসেন্স নবায়ন করা হবে। | |
| ২৩. | **হজ্জ ও ওমরাহ এজেন্সির বিরুদ্ধে অভিযোগ তদন্ত, শাস্তি ও রিভিউঃ** | |
| ২৩.১ | **তদন্ত/শাস্তির কারণসমূহঃ** | |
| | (ক) | প্যাকেজ ঘোষণা না করা/ঘোষিত প্যাকেজ অনুযায়ী সেবা প্রদানে ব্যর্থতা। |
| | (খ) | হজ্জ/ওমরাহযাত্রীর সাথে চুক্তি স্বাক্ষর না করা/চুক্তি অনুযায়ী সেবা প্রদানে ব্যর্থতা। |
| | (গ) | জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির নির্ধারিত নির্দেশাবলী লঙ্ঘন। |
| | (ঘ) | রাজকীয় সৌদি সরকারের নির্ধারিত আইন-কানুন লঙ্ঘন। |
| | (ঙ) | হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনা কর্মে নিয়োজিত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সাথে অসদাচরণ ও অসহযোগিতা। |
| | (চ) | সরকার কর্তৃক বিভিন্ন সময় এতদসংক্রান্ত জারীকৃতবিজ্ঞপ্তি/পরিপত্র/প্রজ্ঞাপন/নির্দেশনার ব্যত্যয় বা লঙ্ঘন। |
| | (ছ) | যুক্তিসঙ্গত কারণ ছাড়া নির্ধারিত সময়ের মধ্যে হজ্জ ও ওমরাহ যাত্রী প্রত্যাবর্তন না করা। |
| | (জ) | হজ্জ/ওমরাহ যাত্রীগনের সাথে যে কোন ধরণের প্রতারণা। |
| | (ঝ) | হজ্জ/ওমরাহ এজেন্সির ও সরকারের সাথে সম্পাদিত চুক্তির শর্ত ভঙ্গ। |
| | (ঞ) | উহা ছাড়াও অন্যবিধকারণে হজ্জ ও ওমরাহ সংক্রামেন্ত সৃষ্ট যে কোন অপরাধ কিংবা ত্রুটি সংগঠন। |

| | |
|---|---|
| ২৩.২ | **তদন্ত ও শাস্তিঃ**<br>বাংলাদেশে ও সৌদি আরবে হজ্জ অথবা ওমরাহযাত্রী অথবা অপর কোন সংক্ষুব্ধ ব্যক্তির অভিযোগের পরিপ্রেক্ষিতে অথবা স্ব-উদ্যোগে মন্ত্রণালয় কর্তৃক দায়িত্বপ্রাপ্ত প্রশাসনিক দলের মাধ্যমে অথবা বাংলাদেশ কিংবা সৌদি আরবে হজ্জ/ওমরাহ ব্যবস্থাপনা কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর মাধ্যমে প্রাপ্ত/দাখিলকৃত অভিযোগ তদন্ত করতঃ তদমেত্ম অভিযোগ প্রমানিত হলে সংশ্লিষ্ট হজ্জ ও ওমরাহ এজেন্সির এবং উহার স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি/অংশিদার/পরিচালক ও সংশ্লিষ্ট ব্যাক্তিকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নিম্নরূপ যে কোন এক বা একাধিক প্রকারের শাস্তি প্রদান করতে পারবে।<br>১. হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স বাতিল;<br>২. জামানত বাজেয়াপ্তসহ হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স বাতিল;<br>৩. হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স স্থগিত;<br>৪. হজ্জ ও ওমরাহ এজেন্সির জামানত বাজেয়াপ্ত;<br>৫. জামানতের অংশবিশেষ বাজেয়াপ্ত;<br>৬. অর্থ দন্ড/জরিমানা;<br>৭. অর্থ দন্ড/জরিমানা ও হজ্জ ও ওমরাহ এজেন্সির লাইসেন্স বাতিল;<br>৮. তিরস্কার/সতর্কীকরণ (পর পর তিনবার তিরস্কার/সতর্কীকরণ নোটিশ প্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে লাইসেন্স বাতিল করা হবে)। |
| ২৩.৩ | **শাস্তি রিভিউঃ**<br>২৩.১-এ বর্ণিত অভিযোগ অনুসারে অনুচ্ছেদ ২৩.২ অনুযায়ী শাস্তিপ্রাপ্ত সংক্ষুব্ধ এজেন্সি শাস্তি আদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে আদেশ রিভিউ করার জন্য সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদন করতে পারবে। |
| ২৩.৪ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এর নেতৃত্বে অনধিক ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি রিভিউ কমিটি গঠন করবেন। রিভিউ কমিটি প্রাপ্ত আবেদনগুলো যথাসম্ভব পরবর্তী ২৫ দিনের মধ্যে শুনানীর ব্যবস্থা করবে। |
| ২৩.৫ | রিভিউ কমিটি এতদুদ্দেশ্যে প্রাপ্ত আবেদনগুলো পুনঃশুনানির মাধ্যমে কেস-বাই-কেস মতামত দেবেন। উক্ত মতামতের আলোকে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী রিভিউ সংক্রান্ত চূড়ান্ত আদেশ প্রদান করবেন। |

| সপ্তম অধ্যায় | |
|---|---|
| **২৪.** | **জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও পর্যালোচনাঃ** |
| ২৪.১ | রাজকীয় সৌদি সরকার হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ম-নীতি, আইন-কানুন, বিধি-বিধান প্রায়শই পরিবর্তন ও সংযোজন করে থাকে। এছাড়াও প্রতি বছর হজ্জ ব্যবস্থাপনা কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়নের ফলে বাস্তব কারণে হজ্জ ও ওমরাহ বাস্তবায়ন কর্মকৌশলে পরিবর্তন,পরিবর্ধন ও পরিমার্জনের প্রয়োজনীয়তা অনিবার্য হয়। যা জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির উপরেও প্রভাব ফেলে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে একটি কমিটি হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ, পর্যবেক্ষণ ও মূল্যায়ন করতঃ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| ২৪.২ | প্রয়োজনে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতির ব্যাখ্যা প্রদান, নীতি বাসত্মবায়নে উদ্ভূত যে কোন পরিস্থিতি মোকাবেলা এবং নীতির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে যে কোন প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত থাকবে। |
| ২৪.৩ | অত্র জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫ হিজরী/ ২০১৪খ্রিঃ কার্যকর হওয়ার পর পূর্বের জাতীয় হজ্জনীতি ও ওমরাহ সংক্রান্ত পরিপত্র বাতিল বলে গণ্য হবে। পূর্বের জাতীয় হজ্জনীতি ও ওমরাহ সংক্রান্ত পরিপত্রের আলোকে সম্পাদিত সকল কার্যক্রম অত্র জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫ হিজরী/২০১৪খ্রিঃ এর আলোকে সম্পাদিত হয়েছে মর্মে গণ্য হবে। |

**সমাপ্ত**

স্মারক নং-ধবিম/হঃশাঃ/১-১৫/২০১৩/৩৮৮ তারিখঃ ২৫/০৩/২০১৪খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

1. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
3. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
4. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
5. সিনিয়র সচিব/সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ.............................................
6. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
7. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
8. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
9. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
10. যুগ্ম-সচিব, হজ্জ/প্রশাসন/পরিকল্পনা-১/পরিকল্পনা-২, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
11. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
12. জেলা প্রশাসক (সকল)....................................................।
13. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, সৌদি আরব।
14. উপসচিব প্রশাসন/সংস্থা/বাজেট/অনুদান, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
15. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
16. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
17. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
18. উপজেলা নির্বাহী অফিসার (সকল)........................................ ।
19. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
20. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে জাতীয় হজ্জ ও ওমরানীতি-১৪৩৫ হিজরী /২০১৪খ্রিঃ www.mora.gov.bd, website-এ upload করার জন্য অনুরোধ করা হ'ল।
21. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
22. জেনারেল ম্যানেজার, বিজনেস অটোমেশন লিঃ, ডিবিবিএল ভবন, ১২ কারওয়ান বাজার, ঢাকা। তাঁকে জাতীয় হজ্জ ও ওমরানীতি-১৪৩৫ হিজরী /২০১৪খ্রিঃ www.hajj.gov.bd, website-এ upload করার জন্য অনুরোধ করা হ'ল।
23. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, -------------------------------------------------------------------।
24. জনাব..................................................................

(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)